হিরণ্যগর্ভ
দ্বাদশ বর্ষ, তৃতীয় সংখ্যা
২৭শে আশ্বিন, ১৪২৬

Hiranyagarbha
Volume 12, No. 3
हिरण्यगर्भ
द्वादश वर्ष, तृतीय संख्या
तारिख-१५अक्टूबर,२०१९

২৭শে আশ্বিন, ১৪২৬ | 15th October, 2019

সূচীপত্র a Contents

বাংলা বিভাগ ঃ—	অর্ধনারীশ্বর	শ্রীশ্রীমা সর্বাণী	05
	জীবনাভাস	শ্রীঅর্দ্ধেন্দু শেখর চট্টোপাধ্যায়	08
	গুরুদেব শ্রীঅভয়জীকে যেমন দেখেছি	শ্রীমতী পরিপূর্ণা দেবী	09
	শ্রীশ্রীভগবান কিশোরী মোহনের পত্রাবলী	বৃহৎ কিশোরী ভাগবত	10
	পুণ্যতোয়া কাবেরী	শ্রীশ্রীমা সর্বাণী	12
	শ্রীশ্রীমায়ের আধ্যাত্মিক কথা	শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়	12
	গুরুগীতা	যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়	13
	যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা	শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়	14
	জ্ঞানগঞ্জের যোগ প্রসঙ্গে	শ্রীশ্রীমা সর্বাণী	15
	গণ্ডকী নদীর কথা	শ্রীশ্রীমা সর্বাণী	16
	নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	17
	কোথায় তোমরা চলেছ?	শ্রীবিজন কুমার সেনগুপ্ত	18
	পঞ্চকেদারের পথে পথে	শ্রীসৌরভ বসু	20
	যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে	শ্রীশ্রীমা সর্বাণী	22
	সন্তোষ ও সমর্পণ	শ্রীতাপস বন্দ্যোপাধ্যায়	22
	গীতা ভাবনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	24
हिन्दी विभाग ः—	अर्धनारीश्वर	श्रीमती ज्योति पारेख	26
	पुण्यसलिला कावेरी	श्रीमती ज्योति पारेख	28
	योगीश्वर के रूप में श्रीश्रीसरोज बाबा	श्रीचंद्र पारेख	28
	गुरुगीता	श्रीश्रीमाँ सर्वाणी	31
	उन्मेष	श्रीमती सुशीला सेठिया	32
	पंचकेदार के पथ पर	श्रीमती ज्योति पारेख	33
	श्रीश्रीभगवान किशोरी मोहन की पत्रावली	श्रीविमलानन्द	35
	श्रीश्रीमाँ का आध्यात्मिक कथोपकथन	श्रीमती ज्योति पारेख	37
	योग प्रसंग पर उपलब्धित आलोक	श्रीविमलानन्द	37
	ज्ञानगंज के योग प्रसंग पर	श्रीविमलानन्द	38
	मेरे गुरुदेव श्रीअभयजी को जैसा मैंने देखा	श्रीमती ज्योति पारेख	39
	गण्डकी नदी की कथा	श्रीमती ज्योति पारेख	39
English Section ः—	Ardhanarishwar	Prof. Partha Pratim Chakrabarti	41
	Unmesh	Dr. Durgesh Chakrabarty	44
	Sri Sri Saroj Baba as Spiritual Supremo	Dr. Barun Dutta	45
	Biography of Manicklal Dutta	Dr. Barun Dutta	46
	Gems From the Garland of Letters	Sri Arnab Sarkar	48
	The Philosophy of Truth	Dr. Barun Dutta	49

ISBN No. 978-93-80373-98-0 Cover : Sree Sree Maa Durga Creates Devi Kalika

Printed and Published by Dr. Barun Dutta on behalf of Mata Sharbani Trust, Plaza Housing, Vill : Jagannathpur (Shibrampur), P.O. : Ashuti, Pin : 700141, 24 Parganas (South), West Bengal, India. Tel : (033) 7961-8745, website : www.akhandamahapeeth.org, Email : akhanda.mahapeeth@gmail.com. Printed at : Rama Art Press, 6/30, Dum Dum Road, Kolkata-700 030, Tel : 2557-4419

Editor : Shri Arnab Sarkar • Associate Editors : Smt. Keya Chakraborty and Shri Mohit Shukla

সম্পাদকীয় / Editorial

কয়েকদিন পূর্বেও যে আকাশ ছিল মেঘাচ্ছন্ন, আজ তার মাঝে জেগে উঠেছে কয়েক খণ্ড ঘন নীলের ছটা — রোদে লেগেছে সোনালী আভার ঝিলিক। গ্রামবাংলার সবুজ প্রান্তর - সীমানায় মাথা দোলাচ্ছে শ্বেতশুভ্র কাশ ফুলের দল। আকাশে বাতাসে চিন্ময়ী মায়ের চরণধ্বনি - ধরণী আজ আগমণী গীতমুখরা।

প্রতি বছরের মতো এ'বছরও আমাদের আশ্রম প্রাঙ্গণে আমরা আয়োজন করেছি আনন্দময়ী মায়ের আরাধনার। ধূপ-দীপ-পুষ্প সুগন্ধে, উদাত্ত স্তোত্রবন্দনায়, আশ্রম প্রাঙ্গণ হবে আমোদিত। শ্রীশ্রীমায়ের পরম অনুকম্পায় এটি আশ্রম-উদ্‌যাপিত শারদীয়া পূজার অষ্টবিংশতি বর্ষ।

হিরণ্যগর্ভের এই শারদীয়া সংখ্যায় শ্রীশ্রীমা বিধৃত করেছেন শিব-শক্তির সমন্বয় মূর্তির যোগতত্ত্ব। অর্ধনারীশ্বর মূর্তি শিব-দুর্গার একক মূর্ত্তি — এই মূর্ত্তির দক্ষিণ পার্শ্বে শিব ও বাম পার্শ্বে উমা বিরাজিত। সৃষ্টিতত্ত্বের আদি স্বরূপে উপনীত হলে উপলব্ধ হয় চৈতন্যময় বিরাট পুরুষ নির্গুণ-ব্রহ্ম ও তৎস্বভাব অর্থাৎ ত্রয়ীগুণাত্মক, ব্রহ্ম-অভিন্না, পরাসম্বিতময়ী, আদ্যা মহাশক্তির সমরস্যতা। এই পরমাপ্রকৃতি মহাশক্তি, পরমপুরুষকে স্বগুণে-নির্গুণে প্রকটিত করে, সৃষ্টি-স্থিতি-প্রলয়ের মাধ্যমে সৃষ্টিকার্য সম্পন্ন করেন। এই মাতৃকাশক্তি তাই প্রকটিত সৃষ্টির মূল। শারদীয়া দুর্গামাতৃকার আরাধনায় সত্ত্বঃ-রজঃ-তমঃ — এই ত্রিগুণ-অধিষ্ঠাত্রী সরস্বতী, লক্ষ্মী ও পার্বতীর আরাধনার মাধ্যমে আমরা শিব ও শক্তির সমরস্য আদিগুণাত্মক সেই অর্ধনারীশ্বর রূপের আরাধনাতেই ব্রতী হই।

আজ শারদীয়া নবরাত্রির পুণ্যলগ্নে হিরণ্যগর্ভের এই শারদীয়া সংখ্যাটি শ্রীশ্রীমাতৃচরণে নিবেদন করে আমরা ধন্য হলাম। আজ সুপ্রভাতে সকল গুরুভ্রাতা-ভগিনীগণের কণ্ঠে মন্দ্রিত হউক মাতৃবন্দনার ভাবগম্ভীর অভিবন্দনা।

— জয় জয় হে মহিষাসুরমর্দিণী রম্যকপর্দিণী শৈলসুতে —

Come autumn, and we can see the streaks of blue amidst the dark skies. The plumes of Kash flower, dancing their heads in the gentle breeze in the verdant plains of Bengal, herald the advent of the festive season. The very feeling of holy vibrations in the air indicates that we are at the door step of Durga Puja and the autumnal Navaratri festival. Like every other year, we are gearing up to worship Goddess Durga at our Ashram premises. By the blessings of Sree Sree Maa, this year we would be celebrating the twenty eighth year of Puja at our Ashram.

In this Sharadiya edition of "Hiranyagarbha", Sree Sree Maa has expounded the spiritual significance of "Ardhanarishwara" tatwa. It is the unified form of Shiva and Shakti with Shiva on the right and Parvati on the left of the idol. When a yogi aligns himself with the very principle of Creation ("Sristitatwa"), he can realize the equivalence between Param Brahman, the purest conscience, and Adya Mahashakti, the supreme omnipresent Mother Goddess, the consort of Param Brahman. She is the very manifestation of the entire conceivable universe, the fountain of the three basic traits of Sattwa, Rajas and Tamas, and controls the eternal cycle of creation, governance and abolition. The combined worship of Goddess Saraswati, Lakshmi and Parvati during the Navaratri, is fundamentally a spiritual homage to the "Ardhanarishwara" tatwa.

On the auspicious occasion of Navaratri, we feel ourselves blessed to offer our humble homage and this edition of "Hiranyagarbha" to the golden feet of Parama Prakriti Sree Sree Maa. Let the auspicious tune of conches and resonant rhythm of hymns rise in the air to herald the advent of Mother Goddess on this mortal world.

"**Jaya jaya hey Mahishasuramardini, ramya-kapardini shailasutey**"

অর্ধনারীশ্বর

—পরমব্রহ্ম স্বরূপের এক অদ্ভুত প্রকাশ—

শ্রীশ্রীমা সর্বাণী

অর্ধনারীশ্বর শিব ও দুর্গার একক মূর্তি। এই মূর্তিতে ভগবান শিব অর্ধভাগে নারী ও অপর ভাগে নর। শিব ও দুর্গার মিলমিশ্রণ সম্মিলিত এই মূর্তিতে দেখিতে পাওয়া যায় ত্রিনেত্র, চতুর্ভূজ, হস্তে পাশ, রক্তকমল, নর কপাল ও শূল। লিঙ্গপুরাণে আছে, কল্পান্তরে সৃষ্টির তপস্যায় নিমগ্ন হইয়া প্রজাপতি ব্রহ্মা প্রথমে কিছুই সৃষ্টি করিতে পারিতেছিলেন না। তখন নিজের উপরই ব্রহ্মার ক্রোধভাব হইল এবং সেই ক্রোধাবিষ্টভাবে তাঁহার চোখে জল নির্গত হইল। সেই চোখের জল হইতেই হঠাৎ জন্ম হইল নানান ভূত-প্রেতগণের। প্রথম সৃষ্টির মধ্যে ভূতপ্রেতের সমাহার দর্শনে তখন ব্রহ্মার মনে খুবই কষ্ট হয়। ইহাতে তিনি প্রাণত্যাগ করিবেন বলিয়া সংকল্প করিলেন। পরন্তু প্রাণত্যাগের ক্ষণেই ব্রহ্মা প্রজাপতির মুখ হইতে প্রাণময় রুদ্রের আবির্ভাব হয়। সেই রুদ্রশিবের প্রকাশ মুর্তিটিই ছিল 'অর্ধনারীশ্বর' রূপের। সেই মূর্তি বিভাগ করিয়াই তাঁহার একাংশ হইতে উমা মহেশ্বরীকে সৃষ্টি করিয়াছিলেন রুদ্রশিব।

সৃষ্টিতত্ত্বের আদিস্বরূপে উপনীত হইলে দেখাযায় 'ব্রহ্ম' বা 'পুরুষ' সত্তাই ব্রহ্মা বা ব্রহ্ম অর্থাৎ চৈতন্যযুক্ত বিরাট আত্মা। আর 'শক্তি' আদ্যারূপা 'মহাপ্রকৃতি' বা ব্রহ্মের স্বভাব, ত্রয়ীগুণাত্মক সর্বব্যাপী মহাতরঙ্গযুক্ত পরাসম্বিৎময়ী মহাশক্তিময়ী অখণ্ড মণ্ডলাকার মহাপ্রকাশরূপ ইচ্ছা। পরমা প্রকৃতি স্বরূপা আদ্যা মহাশক্তি পরম পুরুষকে সগুণে ও নির্গুণে প্রকটিত করিয়া ব্রহ্মাণ্ড সৃষ্টিকার্য্য পরিচালন করিতেছেন। সেই স্বয়ংক্রিয় নির্গুণ ব্রহ্মের স্বরূপই 'মহাকাল' এবং শক্তিরূপা নির্গুণা মহাশক্তিই 'মহাকালী' ত্রিকালকে প্রকটিত করিয়া থাকেন। সৃষ্টিকার্য্য সম্পাদনের নিমিত্ত ব্রহ্মকর্তৃক বিরাট মন হইতে অতিসূক্ষ্মা, নির্গুণা, ঈশ্বরের সহিত অভিন্না, নিত্যা, আদ্যা পরমাশক্তি প্রকটিতা হইলেন। সেই পরমাশক্তির সহিত ব্রহ্মা হৃদয়ে ভগবান মহাদেবের ধ্যানকরতঃ তপস্যা করিলেন এবং যোগযুক্ত ব্রহ্মার তীব্র তপস্যায় পিতৃসত্তা অচিরকাল মধ্যেই সন্তুষ্ট হইলেন। ইহার পর মহাদেব অর্ধনারীশ্বর রূপে সগুণে ব্রহ্মার নিকট প্রকটিতা হইলেন। ঐ 'অর্ধনারীশ্বর' স্বরূপই 'শিব ও শক্তি' সত্তার সাধন মার্গের মোক্ষ বা চরম অবস্থার পরিণতি। 'শিব ও শক্তি' সত্তার অদ্বৈত স্থিতি হইল 'স্বভাবসিদ্ধযোগ' তপপ্রথা। প্রকৃতপক্ষে শক্তি ও শক্তিমান তত্ত্বের মধ্যে অভিন্নতা ও সমতা এবং একে অপরের সম্পূরকতা প্রকট করিবার জন্যেই শ্রীভগবান ঐ অর্ধনারীশ্বর চেতনবোধির ভূমিতে তাঁহার অর্ধনারীশ্বর রূপকে ব্যক্ত করিয়াছেন।

পুরাণের কাহিনী অনুযায়ী এক সময়ে দেবী পার্বতী শিবের হৃদয়ে নিজ দেহের ছায়া দেখিয়া ভাবিলেন যে অন্য কোনও রমণী তাঁহার স্বামীর হৃদয়ে বিরাজ করিতেছেন। ইহা দর্শনে গৌরী চরম কুপিত হইয়া উঠিলে তখন শিব তাঁহাকে প্রকৃত সত্য বিভিন্নভাবে বুঝাইলেন। শেষে দেবীর ভ্রান্তি দূর হইলে তখন লজ্জা বোধ দেবীর হৃদয়ে জুড়িয়া বসিল। স্বাভিমানে দেবী শিবকে বলিলেন —''আমার ছায়াও যেমন নিরন্তর তোমার শরীরে অবস্থান করে, আমি চাই যে আমার আসল সত্তাযুক্ত শরীরটাও তোমার শরীরের মধ্যে অবস্থান করুক। আমার প্রকৃত শরীরের সর্বাংশ আপনি প্রগাঢ় আলিঙ্গন করিয়া স্পর্শ করুন; এইরূপ যাহাতে হয় তাহাই করুন।'' তখন শিব বলিলেন, ''তাহাই হউক। দেবী তুমি আমার অর্ধেক শরীর গ্রহণ করো অথবা তোমার অর্ধেক শরীর আমাকে দাও। আমার অর্ধেক দেহ হোক নারী আর অর্ধেক হোক পুরুষ। তুমি যদি তোমার শরীর দুই অর্ধভাগে ভাগ করিতে পারো, তাহা

হইলে আমার শরীর মধ্যে তোমার সত্তাদেহ অর্ধেক হরণ করিয়া লইব আমি।'' দেবী পার্বতী বলিলেন —''আমি দুই শরীর এক করিতে চাই। আপনি যদি আমার শরীরের অর্ধ হরণ করেন, তবে আমিও আপনার শরীরের অর্ধেক হরণ করিতে চাই।'' শিব তখন স্বীকার করিয়া লইলেন শিবানীর কথা। দুইজনে দুইজনের অভিন্ন সত্তায় শব্দ ও অর্থের মত তখন পরমেশ্বর শিব শিবানীর নারী শরীরের অর্ধেক হরণ করিয়া 'অর্ধনারীশ্বর' হইলেন।

মৎস পুরাণে অর্ধনারীশ্বর প্রতিমার বর্ণনা রহিয়াছে। প্রতিমার অর্ধাংশ ঈশ-শিবের মূর্তিতে বালচন্দ্রের কলা সংযুক্ত জটাভার আর অন্য অর্ধে উমার মূর্তিতে সীঁথির চিহ্ন এবং তিলক। এই মূর্তির দক্ষিণ কর্ণে নাগরাজ বাসুকি, বামকর্ণে উমার অর্ধে, কর্ণে কুণ্ডল রহিয়াছে। দক্ষিণার্ধে শিবের হস্তে আছে কপাল অথবা ত্রিশূল, বামার্ধে পার্বতীর হস্তে রহিয়াছে পদ্মফুল। কেয়ূর এবং বলয় দিয়া বিভূষিত বামার্ধের বাম বাহু আর নাগ উপবীত যথাস্থানে সন্নিবেশিত রহিয়াছে। বামার্ধে পীন স্তনভার, এরই অধমাঙ্গে সুগঠিত নিতম্ব। দক্ষিণে শিবার্ধে ব্যাঘ্রচর্মাবৃত লিঙ্গ ঊর্ধ্বগ অবস্থায় রহিয়াছে। বামভাগে রত্নসমন্বিত লম্বমান কটিসূত্র, দক্ষিণ ভাগ ভুজঙ্গবেষ্টিত। মহাদেবের দক্ষিণ পদ পদ্মের উপরে আসীন আর বামে, একটু উপরে দেবী পার্বতীর নূপুর এবং রত্নভূষিত পদ অবস্থান করে। সমস্ত অঙ্গুলিগুলিতে অঙ্গুরীয় থাকিবে আর দেবী পদ হইবে আলতায় রঞ্জিত। — এই হইল অর্ধনারীশ্বর মূর্তি।

''নীল প্রবাল রুচিরং বিলসৎত্রিনেত্রং
পাশারুনোৎপল-কপাল-ত্রিশূল-হস্তম্।
অর্ধাম্বিকেশমনিশং প্রবিভক্ত ভূষং
বালেন্দুবদ্ধ মুকুটং প্রণমামি রূপম্।।''

ইতি—শারদাতিলক তন্ত্র

মূর্তি উপাসনা, হিন্দুধর্মশাস্ত্রে সগুণ বিগ্রহের উপাসনা। 'সগুণ' শব্দের মধ্যে শাশ্বত সনাতন ভাবটি রহিয়াছে। শাস্ত্রসম্মত পূজিত সব মূর্তি মধ্যেই অন্তর্নিহিত যোগতত্ত্ব সমাবেশিত থাকে। তাই মূর্তি মধ্যে থাকে সৃষ্টিতত্ত্বের বোধচেতনার স্তরের প্রকটরূপ। ঐ সত্য প্রতীক স্বরূপ বিগ্রহাদিগুলির সাধন রহস্য হইল গুপ্ত ব্যাপার। শরীর মধ্যস্থ তন্ত্রীগুলি যেমন বাহির হইতে দেখিতে পাওয়া যায় না, যেমন দেহাভ্যন্তরস্থ তন্ত্রীমধ্যে বৈদ্যুতিক বায়ুরূপী প্রাণের প্রবাহও বাহির হইতে বুঝিতে পারা যায় না, তেমন তন্ত্রশাস্ত্রের তত্ত্বগুলিও অতি নিগুঢ় ও উপলব্ধি সাপেক্ষ। তন্ত্র যোগে সমগ্র সৃষ্টিতত্ত্বকে যিনি জ্ঞাত হন তিনি স্বয়ং শিব। সেই শিবই সকল তন্ত্রশাস্ত্রের প্রণেতা। তন্ত্রে আগম-নিগম যোগশাস্ত্র হর ও পার্বতীকে লইয়াই গঠিত। মূর্তি হল বোধচেতনার এক একটি প্রতীক স্বরূপ। সেই প্রতীকরূপী প্রতিবিম্বকে অবলম্বন করিয়া সাধকযোগী যোগযুক্ত অবস্থায় বিম্বে পৌঁছান। উপরিউক্ত ভগবান শিব ও পার্বতীর লীলায়নের মাধ্যমে যে অর্ধনারীশ্বর মূর্তির আবির্ভাব হইয়াছে, তাহা যোগমার্গের এক বিশেষ অবস্থাকে প্রকাশ করিয়া থাকে। শিবসত্তা ও শক্তিসত্তার যোগযুক্ত সাধন এই অর্ধনারীশ্বর স্তর হইতেই আরম্ভ হয়। সহস্রারের উপরিভাগে ব্যোম মণ্ডলে মণিপুর পদ্মের মত একটি দশদল কমলের আবির্ভাব হয়। সেই কমল কোটি সূর্য্য ও চন্দ্রের জ্যোতি দ্বারা আপ্লুত। সেই কমলের কর্ণিকায় কমলালেবুর কোয়ার মত ওতঃপ্রোত ভাবে দুটি মুখোমুখি যুক্তাবস্থায় আসীন অবয়ব দেখিতে পাওয়া যায়। সেটিই হইল 'অর্ধনারীশ্বর' বোধচেতনার প্রকাশময় দর্শন। ইহা যোগমার্গের অষ্টম ভূমি বলিয়া চিহ্নিত। এই ভূমি হইতেই শিবসত্তা ও শক্তিসত্তার সমরস্যতা বা সাম্য প্রাপ্ত হইতে থাকে। যোগের পথে দ্বৈত সত্তা এইখানেই অদ্বৈত স্থিতিপ্রাপ্ত হন — ঠিক যেন একটি চণকদানার ভিতরে দুটি ভাগ। এ অবস্থা পরিপক্ক হইতে হইতে অবশেষে মিলমিশ্রণের স্তরে উপনীত হইয়া শিব ও শক্তিসত্তাদ্বয় শাশ্বত পরম পুরুষ ও পরমা প্রকৃতিরূপী শুদ্ধ সত্ত্বোর্জিত সত্তায় অদ্বৈত স্থিতিতে নিত্য অবস্থায় আসীন হন।

দ্বৈতাদ্বৈত মহাভাব সম্বোধি, একমেবাদ্বিতীয়ম্ চৈতন্য সমাধি
অস্তিত্বের বোধোদয় নামরূপ উপাধি, 'অভেদ' জ্ঞানোদয় সে যে মোক্ষ প্রাপ্তি।।—ইং ১০/৫/৯৬

দ্বৈতভাবের সাধনা এবং অদ্বৈতভাবের সাধনা সমরস্যতা লাভ করিলে সম্বোধিতে মহাভাবের উদয় হয়। সে অবস্থায় একমেবাদ্বিতীয়ম্ ভাব আসে এবং চৈতন্য সমাধি অবস্থা লাভ হয়। ঠিক যেমন হয়েছিল শ্রীচৈতন্য মহাপ্রভুর। দ্বৈতাদ্বৈত ভাবের সম্মেলনে সচল সমাধি অবস্থায় অস্তিত্ববোধের অনুভবে যে ব্যক্তিত্বের প্রকাশ হয়, যেমন শিব ও শক্তি তত্ত্ব একমেবাদ্বিতীয়ম্ তত্ত্ব, সেই অবস্থাই মোক্ষের অবস্থা বা মোক্ষলাভ। **—শ্রীশ্রীমা রচিত সৃজা পুস্তক হইতে উদ্ধৃত**

আধ্যাত্মিক প্রশ্নোত্তরী

(বুদ্ধ পূর্ণিমা, ২০১৯)

১) 'ঋষি' কাকে বলে? কখন যোগী সাধক 'ঋষি' অবস্থা প্রাপ্ত হন? 'ঋষি' অবস্থায় যোগীর কি হয়?

উঃ — আকাশমার্গে যিনি বিচরণ করতে সক্ষম, যাঁর চিত্ত সর্বদাই আকাশ দর্শন করে, তিনিই হলেন 'ঋষি'। যখন যোগীসাধক কেবলী প্রাণায়াম সিদ্ধ হন তখন তিনি 'ঋষি' অবস্থায় উপনীত হন।

কেবলী প্রাণায়াম সিদ্ধ যোগী 'ঋষি' অবস্থা প্রাপ্ত হয়ে সর্বদা ব্রহ্মমার্গে বিচরণ করে ঋতজ্ঞানে আপন ঘট পূর্ণ করে ঋতম্বর হয়ে যান। ঋষি সৃষ্টি রহস্যের সকল বিষয় জ্ঞান করতে সক্ষম হন। ঋষি অবস্থায় আসীন যোগী সমাধিযোগে ব্রহ্মস্বরূপে পরিণত হন।

২) সমাধিপাদে উপনীত হতে হলে যোগীকে তিনটি অবস্থা পালন করতে হয়, সে তিনটি অবস্থা কি কি?

উঃ — সামধিপাদে আসীন হবার জন্যে তিনটি অবস্থা হল মনের সংযম ও অন্তর্মুখীনতা, নিরবচ্ছিন্ন মৌনতা (স্থূল ও সূক্ষ্ম চেতনায় অবস্থান করা কালীন) এবং আসনে সমাসীন হয়ে নিরন্তর ধ্যান।

৩) কখন যোগী 'সত্য প্রতিষ্ঠা' লাভ করেন?

উঃ — স্থিতপ্রজ্ঞ যোগী লয়যোগে সমাধিতেই প্রকৃত 'সত্য প্রতিষ্ঠা' লাভ করেন।

৪) 'চিন্তা' কোথা হতে উদয় হয়? আমাদের মনের চিন্তার তরঙ্গকে কি করে স্তব্ধ করা যায়?

উঃ — 'চিন্তা' আত্মশক্তি হতে প্রবুদ্ধ হয়। আমাদের মনের চিন্তার মূল নিহিত আছে হংসরূপী শ্বাস-প্রশ্বাসের অনুলোম-বিলোমে। তাই প্রথমে যোগীকে শ্বাসের সংযম করে, শ্বাসকে সংবর্ধিত করে, শ্বাসের অনুলোম-বিলোম বা পূরক ও রেচকের সমতা করে নিতে হবে। তৎপরে শ্বাসের ঘর্ষণে সূক্ষ্মরূপে আলোকময় মেরুদণ্ডের সৃষ্টি হয় এবং সেইখানে বৈদ্যুতিক শক্তির উদয় হয় যার ফলে সত্তায় অন্তশ্চেতনার জাগরণ হয়। প্রাণায়াম সাধনায় সুষুম্নামার্গে আকাশতত্ত্বে মনকে স্থির করতঃ, স্থির শ্বাস অবলম্বন করে যোগী যখন নিশ্চল ধ্যানে উপনীত হন, তখন চিত্তবৃত্তি নিরোধ হয়ে যোগীর সত্তায় চিন্তার সব তরঙ্গই স্তব্ধ হয়ে যায়।

৫) চিত্তের একাগ্রতা লাভ হয় কি করে?

উঃ — মনের সঙ্কল্প-বিকল্প নষ্ট না হলে চিত্তের একাগ্রতা হয় না; সর্বদা ভগবানের স্মরণ-মনন নিধিধ্যাসনই একাগ্রতা লাভের শ্রেষ্ঠ উপায়।

৬) 'অবধূত' কাকে বলে? পতঞ্জলিদেব কার কাছে অষ্টাঙ্গযোগ প্রাপ্ত হন?

উঃ — জীবন্মুক্ত জ্ঞানীকে 'অবধূত' বলা হয়। পতঞ্জলিদেব দত্তাত্রেয় ভগবানের নিকট অষ্টাঙ্গযোগ প্রাপ্ত হন।

৭) হর-পার্বতী কোন পর্বতে তপস্যাকালে নর্মদা নদীর আবির্ভাব হয়?

উঃ — হর-পার্বতী 'ঋক্ষ পর্বতে' তপস্যাকালে নর্মদা নদীর আবির্ভাব হয়।

৮) 'বসুমতী' কার নাম? কেন তাঁর নাম হয় 'বসুমতী'?

উঃ — 'বসুমতী' পৃথিবীর নাম। সুবর্ণ অগ্নির তেজে উৎপন্ন হয়েছিলেন বলে অগ্নির নাম হয় 'হিরণ্যরেতাঃ'। দেবী বসুধা ঐ সুবর্ণতেজ ধারণ করেছিলেন বলে তাঁর নাম হয় 'বসুমতী'।

৯) 'বুদ্ধি' কাকে বলে?

উঃ — অন্তঃকরণের যে শক্তিবলে যে কোন বিষয়কে সংশয়হীনভাবে উপলব্ধি করা যায়, সেটাই 'বুদ্ধি' নামে পরিচিত।

১০) ভগবান কপিলের পিতা ও মাতার নাম কি? কোন নদীতীরে কপিলের পিতা তপস্যা করেন? কপিলের স্ত্রীর নাম কি ছিল?

উঃ — ভগবান কপিলের পিতা হলেন ব্রহ্মাপুত্র 'কর্দ্দম' প্রজাপতি এবং মাতা হলেন স্বায়ম্ভুব মনুর কন্যা 'দেবহুতি'। 'সরস্বতী' নদীর তীরে কপিলের পিতা তপস্যা করেন। 'ধৃতি' নামক ঋষিকন্যার সঙ্গে কপিলের বিবাহ হয়।

বিজ্ঞপ্তি

Library-র পুস্তকাবলী রক্ষণাবেক্ষণার্থে সদস্যদের Library-র বার্ষিক চাঁদা (১০০/- টাকা) ৩১শে জানুয়ারীর (২০২০) মধ্যে জমা করতে হবে।

জীবনাভাস

মহাবতার বাবাজী মহারাজের শিষ্য শ্রীমাণিকলাল দত্তের জীবনী

(১১)

ভূতনাথবাবুর বাটী ত্যাগ, পৈতৃক ব্যবসা, স্যার হাবার্ট হোমউড ও ধর্ম্মকথা *—পূর্ব প্রকাশিতের পর...*

ঐ সময়ে মাণিকলাল লাউডন পার্কে নির্জনে একাকী একটি বেঞ্চে প্রায়ই উপবিষ্ট থাকিতেন। উদ্দেশ্য মাত্র গুরুচিন্তা। লাউডন পার্ক অঞ্চলটি তৎকালীন শাসকগোষ্ঠীভূত পদস্থ ইংরাজদের দ্বারা অধ্যুষিত ছিল। পার্কের সন্নিকটে 'গলষ্টোন ম্যানসন্'। ঐ ম্যানসনে তৎকালীন কলিকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি স্যার হার্বার্ট হোমউড সস্ত্রীক থাকিতেন। ঐ মহাজ্ঞানী বিচারক ও তাঁহার পত্নী হিন্দুধর্মের মূল তথ্যগুলির সহিত তাঁহাদের ধর্মগ্রন্থ বাইবেলের সমন্বয় সাধনে অতীব ব্যাকুল ছিলেন। হিন্দুধর্মের পরস্পর বিরোধী তত্ত্বের সহিত বাইবেলের সূক্ষ্মসূত্রগুলির সমন্বয় সাধন কাহারো দ্বারা প্রকৃতপক্ষে সম্ভব কিনা, এই চিন্তা হার্বার্ট দম্পতিকে ব্যস্ত করিয়া রাখিয়াছিল। কিন্তু প্রজ্ঞাবান হোমউড্ সাহেব অন্তরস্থ এই সমস্যার সমাধান কল্পে কোন পণ্ডিতপ্রবর বা জাগতিক বিদ্বান ব্যক্তির শরণাপন্ন না হইয়া ঐকান্তিকভাবে ও সর্বান্তকরণে ঈশ্বরের নিকট কাতর প্রার্থনা জানাইতেন কোথায় সেই সত্যদ্রষ্টা যিনি তাঁহাদের অন্তরস্থ সমস্যার প্রকৃত নিরাকরণ করিতে সমর্থ। ধ্যানে তাঁহাদের প্রতীতি জন্মায় যে শীঘ্রই তাঁহাদের নিকটেই দৃষ্টিপথে কোন দৈবসত্তাসম্পন্ন ব্যক্তিকে তাঁহারা পাইবেন। সেই বিশ্বাসের উপর একান্ত ভাবে নির্ভর করিয়া তাঁহারা স্বামী-স্ত্রী একযোগে দূরবীক্ষণ যন্ত্রের সাহায্যে তাঁহাদের বাটীর চতুষ্পার্শে দৃষ্টিপাত করিতেন। এমনই এক শীতের দিন, সন ১৯১২। মাণিকলাল লাউডন পার্কে বসিয়া একান্তভাবে গুরুচিন্তায় নিমগ্ন, এমন সময় লাল চাপকান ও নানাবর্ণের জরিযুক্ত পোষাকে সজ্জিত হইয়া দুইজন দারোয়ান মাণিকলালের সম্মুখে উপস্থিত হইল। তাহাদের কটিদেশে একটি করিয়া ক্ষুদ্র কৃপাণ। মাণিকলালকে উদ্দেশ্য করিয়া তাহারা একযোগে বলিল, ''সাব বোলাতা হ্যায়, আইয়ে।'' কোন সাহেব, কি বৃত্তান্ত কিছুই তাহারা ব্যক্ত করিতেছে না। ভীতি বিহ্বল মাণিকলাল মুহূর্তের জন্য চিন্তা করিলেন যে এই পার্ক — যাহা সাহেবদের ভ্রমণ ও চিত্ত বিনোদনের স্থান, সেখানে তাহার মত একজন কালা আদমীর দিনের পর দিন উপবেশন হয়তো অনধিকার কর্ম হইয়াছে অথবা ইহা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত সাব্যস্ত হইয়াছে, সেই কারণেই এই ডাক। ভয়ার্ত্ত মাণিকলাল দারোয়ানদের বিন্দুমাত্র উপেক্ষা করিবার ধৃষ্টতা প্রকাশ না করিয়া তাহাদের প্রভুর বাটীতে গমন করিলেন। দারোয়ানদের নির্দেশে গলষ্টোন ম্যানসনের একটি বিশিষ্ট কক্ষে প্রবেশ করিয়া এক সাহেবকে চেয়ারে উপবিষ্ট দেখিলেন। ইনি সেই স্যার হার্বার্ট হোমউড। হোমউড সাহেবের দেব সদৃশ কান্তি ও রূপচ্ছটায় মাণিকলাল যদিও অতীব বিমোহিত হইলেন, কিন্তু তাঁহার অন্তর হইতে তখনও ভীতির ভাব অপসারিত হয় নাই। সাদরে অভ্যর্থনা জানাইয়া ও বসিতে বলিয়া মাণিকলালকে সাহেব অতি মৃদুস্বরে বলিলেন, তিনি কি 'মেশায়া'? ঈশ্বরের অমৃতবাণী তিনি কিছু পরিবেশন করিতে পারেন কিনা? হিন্দুদের বিভিন্ন ধর্মীয় গ্রন্থের মীমাংসার সূত্রগুলি সম্বন্ধে কি তিনি সম্পূর্ণ অবহিত? মাত্র এই উদ্দেশ্যেই মাণিকলালকে আহ্বান করা হইয়াছে, ইহা ব্যক্ত করিয়া মাণিকলালকে তাঁহার মন হইতে সমস্ত ভীতির ভাব কাটাইয়া আশ্বস্ত হইতে বলিলেন। মাণিকলালের কণ্ঠে 'হ্যাঁ', বা 'না' কিছুই স্ফুরণ হইতেছে না। অন্তরস্থ গুরুজী বলিতেছেন হ্যাঁ, কিন্তু ভীত সন্ত্রস্ত মাণিকলাল সবিনয়ে তাঁহার অক্ষমতাই প্রকাশ করিলেন। ইহাতে হোমউড সাহেব অত্যন্ত সংশয়াপন্ন হইয়া চিন্তা করিলেন, যে হয়তো বা প্রকৃত ব্যক্তিকে আহ্বান করা হয় নাই। ইতিমধ্যে তাঁহার চিন্তার জাল ছিন্ন করিয়া সংলগ্ন কক্ষান্তর হইতে তাঁহার ধর্মপ্রাণা সহধর্মিনী দরজায় মৃদু আঘাত করিয়া তাঁহাদের কক্ষে প্রবেশের ও তাঁহাদের আলোচনায় যোগদানের জন্য অনুমতি ভিক্ষা করিলেন। তাঁহার প্রতীতি জন্মাইয়াছিল যে এই আগন্তুকই যথার্থ প্রজ্ঞাযুক্ত ও ঈশ্বরের প্রেরিত এবং মাত্র তাঁহাদের সন্দেহ নিরসনের জন্যই সমাগত। মাণিকলালের অক্ষমতা জ্ঞাপক বাক্য শ্রবণ করিয়া মেমসাহেব মাণিকলালকে বলিলেন যে "Well Babu let us try" তিনি স্বামীকে ইশারায় ইহাও ব্যক্ত করিলেন যে ইনিই সেই প্রকৃত ব্যক্তি। মেমসাহেবের সহানুভূতিসূচক উক্তিতে মাণিকলাল আশ্বস্ত হইলেন ও তাঁহাদের আলোচনায় অংশ গ্রহণের সম্মতি প্রকাশ করিলেন। অতঃপর মেঝেতে ফরাসের উপর উপবেশন করিয়া স্বামী-স্ত্রী দুইজনেই মাণিকলালকে তাঁহাদের মনে উদিত এক একটি প্রশ্ন করিতে লাগিলেন এবং মাণিকলাল তাঁহার মহাগুরুকে স্মরণ পূর্বক সেই সমস্ত প্রশ্নের উত্তর দানে প্রবৃত্ত হইলেন।

সাহেব দম্পতির মহান সমস্যা এই যে যদি একই সত্যপুরুষ দ্বারা বেদ, উপনিষদ্, বাইবেল, কোরান, পুরান, তন্ত্রাদি রচিত হইয়া থাকে, তাহা হইলে কখনওই পরস্পরের মধ্যে বিরোধ ও মতভেদ দৃষ্ট হইবে না। তবে ইহাদের মধ্যে পরস্পর বিরোধী তত্ত্বের সমাবেশ কেন? মাণিকলাল তাঁহার স্বভাব মধুর বচনে তাঁহাদের প্রশ্নের যে মীমাংসা উপস্থিত করিলেন, তাহা শ্রবণে ও অনুধ্যানে সাহেব দম্পতি অনির্বচণীয় আনন্দে মুগ্ধ হইলেন। দৈবসত্তায় সত্তাবান মাণিকলালের ঈশ্বরানুরক্তি বিষয়ে সম্যক্ অবহিত হইয়া বেনেটোলা হইতে তাঁহাকে আনিবার জন্য প্রতিদিন সন্ধ্যায় সাহেব তাঁহার নিজস্ব চাপরাশীকে গাড়ীসহ প্রেরণ করিতেন। এইভাবে তাঁহাদের নিয়মিত শাস্ত্রালোচনা চলিতে থাকে। তাঁহাদের এই নৈশকালীন ধর্ম ও শাস্ত্রালোচনায় কলিকাতা হাইকোর্টের তদানীন্তন বহু সাহেব ও বিচারকেরা যোগদান করিতেন। তাঁহাদের মধ্যে স্যার জন উডরফের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

একদিন হার্বার্ট সাহেব তাঁহার নিজ আলয়ে মাণিকলালের সহিত শাস্ত্রালোচনায় গভীরভাবে নিমগ্ন, এমন সময় কলিকাতা হাইকোর্টের ব্যারিস্টার (দেশবন্ধু) চিত্তরঞ্জন দাস মহাশয় হার্বার্ট সাহেবের সাক্ষাৎ প্রার্থী হইলেন। হার্বার্ট সাহেবের সহিত সাক্ষাতের প্রতীক্ষায় দীর্ঘক্ষণ অতিবাহিত হইলে দাস মহাশয়ের মনে বিরক্তির ভাব উপস্থিত হইল। কে বা কাহার সহিত মিতভাষী হার্বার্ট সাহেব এত গভীর আলোচনায় মগ্ন তাহা জানিবার জন্য তাঁহার কৌতূহল বোধ হইল। কিয়ৎপরে মাণিকলাল হার্বার্ট সাহেবের কক্ষাভ্যন্তর হইতে নিষ্ক্রান্ত হইলে, তাঁহাকে দেখিয়া দাস মহাশয় আশ্চর্য্যান্বিত হইলেন, ও এই প্রশ্নই তাঁহার মনে বারংবার উদিত হইল যে কে এই তরুণ; আর হার্বার্ট সাহেবের সহিত ইহার পরিচয় সূত্রই বা কি এবং তাঁহার সহিত সাহেবের কি এমন আলাপ যাহাতে হার্বার্ট সাহেবের মত এমন একজন বিজ্ঞ বিচারকের পক্ষে এই অসামান্য তন্ময়তা? পরবর্তীকালে দাস মহাশয় মাণিকলালকে ঐ সাহেবের কক্ষে আরও কয়েকবার প্রত্যক্ষ করিয়াছিলেন। দাস মহাশয় আজ জীবিত নাই, কিন্তু তাঁহার (ব্যক্তিগত) একান্ত সচিব শ্রীবঙ্কিমচন্দ্র মজুমদার মহাশয় বহু বৎসর পর মাণিকদার চুঁচুড়ার বাসভবনে এই সমস্ত ঘটনা সমূহের প্রত্যক্ষ সাক্ষ্য হিসাবে বর্ণনা করেন। স্বাধীনতা লাভের পর তিনি আসানসোলে ঢাকেশ্বরী কটন্ মিলের ম্যানেজিং ডাইরেক্টর হিসাবে নিযুক্ত ছিলেন। স্থায়ীভাবে বসবাসের জন্য চুঁচুড়াতেই তিনি গৃহ নির্মাণ করান, তাহাও বর্তমান রহিয়াছে। বর্তমানে তিনি ইহ জগতে নাই। *...ক্রমশঃ*

—শ্রীমাণিকলাল দত্ত মহাশয়ের শিষ্য,
শ্রীঅর্দ্ধেন্দু শেখর চট্টোপাধ্যায়

আমার গুরুদেব শ্রীঅভয়জীকে যেমন দেখেছি

একবার বাঘাযতীন 'কীর্তন কুটির' আশ্রমে আমার গুরুদেব শ্রীঅভয়জীর জন্মোৎসব পালিত হচ্ছিল। তারিখ এবং সালটা সঠিক মনে পড়ছে না। ঐ দিন ভোরবেলা থেকে রাত প্রায় ৯:৩০ পর্যন্ত নামগান, আবৃত্তি, ভাষণ এইরূপ নানা সৎসঙ্গের মধ্যে কেটেছিল। তারপর ধীরে ধীরে লাইট, মাইক প্যাণ্ডেল থেকে খুলে ফেলা হল। অনুষ্ঠান শেষে গুরুদেব চোখ বুঁজে একটু বিশ্রাম করছিলেন। রাত্রি ১০টা নাগাদ অনন্তাদি বললেন, ''বাবা, তুমি রাতে যতটুকু ইচ্ছা খেয়ে ঘুমিয়ে পড়। সারাদিন তোমার বিশ্রাম হয় নি।'' অভয়জী কিন্তু কোনো উত্তর না দিয়ে চুপচাপ শুয়েই রইলেন।

হঠাৎ দেখি দুটো গাড়ী এসে কীর্তন কুটীরের দরজার কাছে দাঁড়ালো। তারপর শ্রীশ্রীমায়ের সন্তানেরা এক এক করে ঢুকে বললেন যে শ্রীশ্রীমা (শ্রীশ্রীসর্বাণী মা) এসেছেন। আমরা সঙ্গে সঙ্গে দৌড়ে গিয়ে বাবাকে বললাম, ''ঠাকুর, সর্বাণী মা এসেছেন।'' শুনে বাবার সে কী আনন্দ। আমাদের বললেন, ''তোরা সবাই এসে এখানে বোস।'' আবার অনুষ্ঠান হোল। তখন বুঝতে পারলাম কেন বাবা খেতে চাইছিলেন না কার অপেক্ষায় ছিলেন, বাবা যে অন্তর্যামী। তারপরেও প্রায় এক ঘন্টা মত অনুষ্ঠান হয়েছিল।

—শ্রীঅভয়জী চরণাশ্রিতা পরিপূর্ণা দেবী

শ্রীশ্রীভগবান কিশোরী মোহনের পত্রাবলী

শ্রীঅমরেন্দ্র চন্দ্র শ্যামের গ্রন্থনায়, 'অখণ্ড মহাপীঠ' দ্বারা প্রকাশিত ভগবান শ্রীশ্রীকিশোরী মোহনের জীবনী গ্রন্থ 'বৃহৎ কিশোরী ভাগবত'-এর অন্তর্গত ভগবান কিশোরী মোহনের অমূল্য আধ্যাত্মিক উপদেশ সমৃদ্ধ পত্রাবলীর থেকে নিম্নলিখিত পত্রটি উদ্ধৃত করা হল।

পত্র নং (৯)

শিষ্যের প্রতি তত্ত্বোপদেশ — (*পূর্ব প্রকাশিতের পর....*)

জীবের কর্তৃত্ব সম্বন্ধে এক্ষণে কিছু বলিব। ঈশ্বর সকলই করিতেছেন, তবে কি জীবের কর্তৃত্ব নাই? তোমার মনে এই প্রশ্নের উদয় হইতে পারে। তাহার উত্তরে বলিতেছি — জীব-কার্য্যের প্রেরণা পরমাত্মা হইতে আসিয়া থাকে। কিন্তু জীব-কার্য্য জীব প্রযত্ন সাপেক্ষ। এজন্য জীবের কর্তৃত্ব স্বীকার করিতে হয়। বেদান্তদর্শনে এই বিষয় সূত্রীকৃত হইয়াছে 'পরাত্তুতচ্ছ্রু তত্তেঃ। প্রযত্ন সাপেক্ষস্তু কর্ত্তা শাস্ত্রর্থবত্তাৎ' ইত্যাদি। জীবকে কর্ত্তা না বলিলে শাস্ত্রের অর্থবত্তা থাকিবে না। শ্রুতি তাহার পরিচালনের জন্য প্রবৃত্তি-নিবৃত্তি মার্গের উপদেশ দিয়াছেন এবং মোক্ষমার্গ প্রদর্শন করিয়াছেন। জীব যদি তাহার কিছুই করিতে না পারিতেন, তাহা হইলে ঐ সমস্ত উপদেশ নিষ্ফল হইয়া যাইত। জীবের যাহা করিবার সাধ্য নাই শ্রুতি কি জন্য সে সকল উপদেশ দিবেন। পশু, পক্ষী, কীট, পতঙ্গদিগের জন্য ঐ সকল উপদেশ প্রদত্ত হয় নাই। কারণ ঐ সমস্ত উপদেশ অবধারণ ও অনুসরণ করিবার তাহাদের যোগ্যতা নাই। মানুষ ও মানুষ অপেক্ষা শ্রেষ্ঠ জীবদিগের জন্য শ্রুতি দ্বারা উপদেশ প্রদত্ত হইয়াছে। জীবের কর্ম স্বতন্ত্র। ঈশ্বরের নিজকৃত কর্মফলের ভোগ নাই। জীব নিজকৃত কর্মফল ইহলোকে ও পরলোকে ভোগ করিয়া থাকে। তাহার পাপকর্মের জন্য দুঃখভোগ ও পুণ্যকর্মের জন্য সুখভোগ হইয়া থাকে। সেই সমস্ত কর্মের ফল নিয়ন্তা ঈশ্বর। বেদান্ত-দর্শনে উক্তি আছে — 'ফলমত উপপত্তেঃ'।

এক্ষণে জীবের 'অহঙ্কার' কাহাকে বলে সেই বিষয়ে কিছু বলিব। জীবের পাঞ্চভৌতিক স্থূলদেহ আছে এবং মন বুদ্ধি ইন্দ্রিয়াদি সমন্বিত সূক্ষ্মদেহ আছে। এতৎ সমস্তই ত্রিগুণাত্মক জড়। জীব চৈতন্যরূপ। দেহ সংযুক্ত হওয়ায় তাহাকে চেতন বলা যায়। অনাদি অবিদ্যা বা অজ্ঞানবশতঃ বুদ্ধি ইন্দ্রিয়াদির সহিত তাঁহার সম্বন্ধ ঘটিয়াছে। সেই সম্বন্ধবশতঃ তাঁহার স্থূল সূক্ষ্মদেহে 'আমি', 'আমার' ইত্যাদি অভিমান থাকা দৃষ্ট হয়। এই অভিমানকে 'অহঙ্কার' বলে। জীবের অবিদ্যা বা অজ্ঞান ইহার হেতু। সাধনের দ্বারা এই অবিদ্যা বা অজ্ঞান তিরোহিত হইতে পারে। জ্ঞান ও অজ্ঞান পরস্পর বিরোধী। এজন্য জ্ঞানের দ্বারা ব্যতীত অজ্ঞানের নাশ অন্য প্রকারে হইতে পারে না। জীব অজ্ঞানবশতঃ আপনি যে স্থূল সূক্ষ্ম দেহাতীত চৈতন্যস্বরূপ, তাহা জানে না। জীবের নিজস্বরূপ নিজে জানাকেই জ্ঞান বলে। আর না জানাকেই অজ্ঞান বলে। তাহার আর সেই অবিদ্যা বা অজ্ঞান অনাদি হইলেও জ্ঞানের দ্বারা তাহার নাশ হয়। এজন্য শ্রুতি বলিয়াছেন — 'নান্যঃপন্থা বিদ্যতে অয়নায়।' অয়ন শব্দের অর্থ গমন। অর্থাৎ ব্রহ্মপ্রাপ্তি। জ্ঞানোদয় ব্যতীত জন্ম মৃত্যুরূপ বন্ধন ছিন্ন হয় না।

জ্ঞানোদয়ের পর ঐ অহঙ্কার বিশুদ্ধভাব ধারণ করে। জীব তখন বলে 'আমিই ব্রহ্ম'। তখন তাঁহার আমিত্ব স্থূল, সূক্ষ্ম দেহের উপর স্থিত না থাকিয়া ব্রহ্মেই স্থিত হয়। এজন্য ব্রহ্মকেই জীবের স্বরূপ বলিয়া উক্ত হয়। জ্ঞানোদয় হইলে জীবের সঞ্চিত কর্ম নাশপ্রাপ্ত হয়। কিন্তু প্রারব্ধ কর্মফল ভোগ ব্যতীত যায় না। পূর্বজন্মে মৃত্যুর পূর্বে সেই জন্মের বা পূর্ব পূর্ব জন্মের যে সকল পাপ ও পুণ্য কর্ম ফলোন্মুখ হয়, সেই সমস্ত একত্র মিলিত হইয়া ফল দিতে আরম্ভ করিয়া জীবের জন্ম, ভোগ ও আয়ুপ্রাপ্তির হেতু হয়। সেই সকল কর্মফল দিতে আরম্ভ করিয়াছে বলিয়া তাহাদিগকে প্রারব্ধ কর্ম বলে। অন্যান্য কর্ম যাহা ফল দিতে আরম্ভ করে নাই তাহাকে সঞ্চিত কর্ম বলে। প্রারব্ধ অতি তীব্র, কারণ উহা ফল দিতে আরম্ভ করিয়াছে। প্রারব্ধ কর্মফল ভোগান্তে দেহপাত হয়। দেহান্তে তাঁহার কৈবল্য বা নির্বাণ-মুক্তি লাভ হয়। আর পুনর্জন্ম হয় না। অবিদ্যা নাশ হইলেও প্রারব্ধ কর্মফল ভোগের জন্য অবিদ্যার কিছু কিছু লেশ থাকে, দেহান্তে তাহার সমূলে নাশ হয়। জ্ঞানোদয়ের পর দেহান্ত পর্যন্ত তিনি যে সকল কর্ম করেন

তজ্জন্য তাহার ফল ভোগ হয় না। এজন্য ভগবদ্‌গীতায় উক্তি আছে ''যস্য নাহঙ্কৃতো ভাবো বুদ্ধির্যস্য ন লিপ্যতে'' ইত্যাদি। শ্রীকৃষ্ণ উপদেশ দিতে যেখানে আমি, আমার, আমাকে, আমাতে ইত্যাদি শব্দ ব্যবহার করিয়াছেন, সেখানে অর্থ পরমাত্মা, পরমাত্মার, পরমাত্মাকে, পরমাত্মাতে। দেহধারী পূর্ণব্রহ্ম শ্রীকৃষ্ণের কথা দূরে থাকুক জ্ঞানোদয় জীবন্মুক্ত হওয়ার পর জীব ঐরূপ শব্দ ব্যবহার করেন, ইহা শ্রুতি ও অন্যান্য শাস্ত্র হইতে পাওয়া যায়।

ইহার হেতু এই, তিনি যখন আপনাকে পরমাত্মা বলিয়াই জানেন তদ্দ্বারা যে এতগুলি পরমাত্মা হইল তাহা নহে। একই পরমাত্মাকে সকল মুক্তপুরুষই লক্ষ্য করিয়া 'আমি' বলিয়া নির্দেশ করেন। ভগবদ্‌গীতায় কোথাও 'আমি' আছে এবং কোথাও 'তিনি' আছেন, উভয় শব্দই পরমাত্মাবাচী। বদ্ধজীবে স্বয়ং প্রকাশ জ্ঞান ভস্মাচ্ছাদিত বহ্নির ন্যায় থাকিয়া পরে সাধন দ্বারা ভস্মের অপগম হইলে স্বতঃই প্রকাশিত হয়। ভগবদ্‌গীতায় এবং অন্যান্য শাস্ত্রের যেরূপ ভক্তির মাহাত্ম্য বর্ণিত আছে সেইরূপ জ্ঞানেরও মাহাত্ম্য বর্ণিত আছে ভগবদ্‌গীতায় উক্তি আছে — ''জ্ঞানাগ্নি সর্বকর্মাণি ভস্মসাৎ কুরুতে তথা'' — অর্থাৎ জ্ঞানাগ্নি দ্বারা সমস্ত পাপ-পুণ্য কর্ম নাশ হয়। ''তদ্বুদ্ধয় স্তদাত্মান স্তন্নিষ্ঠা স্তৎপরানা গচ্ছন্ত্য পুনরাবৃত্তিং জ্ঞাননির্দ্ধত কল্মষাঃ।'' ইহার অর্থ — ঈশ্বরগত প্রাণ হইয়া ভক্তিযোগে তাঁহার আরাধনা করিলে জ্ঞানোদয়ে সমস্ত পাপ ধৌত হয় এবং পুনর্জন্ম হয় না।

''নহিজ্ঞানেন সদৃশ পবিত্রমিহ বিদ্যতে।
তৎ স্বয়ংযোগ সংসিদ্ধ কালেনাত্মনি বিন্দতি।''

ইহার অর্থ — জ্ঞানের সদৃশ পবিত্র আর কিছুই নাই, তাহা যোগসংসিদ্ধ হইয়া পরে আত্মাতেই লাভ হয়।

''ত্রিভির্গুনময়ৈর্ভাবৈরেভিরিদং জগৎ
মোহিতং নাভি জ্ঞানাতি মামেভ্যঃ পরমব্যয়ং''

ইহার অর্থ — সত্ত্ব, রজো, তমো এই ত্রিগুণময় ভাবের দ্বারা মোহপ্রাপ্ত থাকিয়া আমাকে ত্রিগুণের অতীত বলিয়া জানিতে পারে না। এখানে ত্রিগুণাতীত অবস্থা যে স্বরূপাবস্থা তাহাই উক্ত হইল। আরোও এরূপ অনেক উক্তি ভগবদ্‌গীতাতে আছে। যথা —

''সর্ব্বঞ্চাখিলং কর্ম্মজ্ঞানে পরিসমাপ্যতে। আত্মন্যেব চ সন্তুষ্টঃ তস্য কার্য্যং ন বিদ্যতে। জ্ঞানং লব্ধাপরাং শান্তিং। অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেনমুহ্যন্তি জন্তবঃ। অভিতো ব্রহ্মনির্ব্বাণং বর্ত্ততে বিদিতাত্মনাং। শান্তিংনির্ব্বাণ পরমাং মৎ সংস্তামধিগচ্ছতি। লভন্তে ব্রহ্মনির্বাণং মৃষয়ঃ ক্ষীণ কল্মষাঃ। গচ্ছন্ত্য পুনরাবৃত্তিং জ্ঞাননির্ধূত কল্মষাঃ। জ্ঞাতুং দ্রষ্টুঞ্চ তত্ত্বে প্রবেষ্টুঞ্চ পরন্তপ।'' এখানে 'তত্ত্বেন' শব্দের অর্থ — তাঁহার গুণাতীত সচ্চিদানন্দ স্বরূপত্ত্ব। 'প্রবেষ্টুঞ্চ' শব্দের অর্থ — জীব তাঁহাকে দর্শন করিয়া ও জানিয়া পরে তাঁহাতে প্রবিষ্ট হয়। ইহাই কৈবল্য বা নির্বাণমুক্তি।

অন্যত্র বলিয়াছেন — ''শান্তিং নির্বাণ পরমাং মৎসংস্থামধিগচ্ছতি।'' ইহার অর্থ — আমাতে সংস্থিত হইয়া নির্বাণমুক্তিরূপ শান্তি লাভ করেন। জীবের পরমাত্ম স্বরূপ লাভকেই নির্বাণ বা কৈবল্যমুক্তি বলে। পরমাত্মা অখণ্ড চৈতন্য, অখণ্ডৈক রসস্বরূপ। তিনি তখন পরমশান্তি পরমানন্দ ভোগ করেন। কেবল যে তাহারই দুঃখের নিবৃত্তি হয় তাহা নহে। জীব বিদেহমুক্ত হইয়া সম্পূর্ণরূপে তাঁহাতে স্থিত হয়। ইহাই সাধনের চরমোৎকর্ষাবস্থা। *...ক্রমশঃ*

(*'বৃহৎ কিশোরী ভাগবত' গ্রন্থ হইতে সংগৃহীত*)

আশ্রমের আগামী অনুষ্ঠানসূচী

কোজাগরী লক্ষ্মীপূজা— ১৩ই অক্টোবর, রবিবার
বার্ষিক সাধারণ সভা — ১০ই নভেম্বর, রবিবার
রাস পূর্ণিমা — ১২ই নভেম্বর, মঙ্গলবার
বার্ষিক শ্রীশ্রীঅন্নপূর্ণা দেবীর প্রতিষ্ঠা পূজা - ৪ঠা ডিসেম্বর, বুধবার
বার্ষিক শ্রীলক্ষ্মীজনার্দ্দনজীউয়ের প্রতিষ্ঠা পূজা - ৫ই ডিসেম্বর, বৃহস্পতিবার
শ্রীশ্রীসারদা মায়ের আবির্ভাব তিথি — ১৮ই ডিসেম্বর, বুধবার
আধ্যাত্মিক সভা — ২৫শে ডিসেম্বর, বুধবার
শ্রীশ্রীমায়ের প্রবচন—২৯শে ডিসেম্বর, রবিবার সকাল ১১টা
শ্রীশ্রীগুরুমহারাজদের মন্দির প্রতিষ্ঠা দিবস — ১৫ই জানুয়ারী, ২০২০, বুধবার

পুণ্যতোয়া কাবেরী

শ্রীশ্রীমা সর্বাণী

একবার প্রলয়কালে বালকরূপী শ্রীহরি মার্কণ্ডেয় ঋষিকে তাঁহার দেহাভ্যন্তরে আশ্রয় দিয়াছিলেন। প্রলয়কালে ধরিত্রী জলনিমগ্ন হইলে পরে ঐভাবেই শ্রীহরি মার্কণ্ডেয় ঋষির প্রাণরক্ষা করেন। শ্রীহরির দেহে আশ্রয়প্রাপ্ত হইয়া তখন দেহের মধ্যে ভ্রমণ করিতে করিতে মার্কণ্ডেয় তাঁহার উদরের ভিতর বহু নদীকে দেখিতে পান। সেগুলির মধ্যে 'কাবেরী' একটি নদী।

পুরাণে কাবেরী নদীকে নারীরূপে চিহ্নিত করা হইয়াছে। কাবেরী যুবনাশ্বের কন্যা এবং পিতার অভিশাপে তিনি নদীরূপ প্রাপ্ত হন। পুরাণ প্রসিদ্ধ জহ্নুমুনি যুবনাশ্ব রাজার নদীরূপা কন্যা কাবেরীকে বিবাহ করিয়াছিলেন। কাবেরী ও জহ্নুর এক পুত্র ছিল। তাঁহার নাম সুহোত্র। নদীমাতৃকা কাবেরীর আরেক নাম দক্ষিণের-গঙ্গা। দক্ষিণ ভারতের অন্যতম প্রধান ও পবিত্র নদী কাবেরী। মহাভারতের সভাপর্বে আছে যে স্বর্লোকে বরুণদেবের সভায় যে সকল নদীমাতৃকাগণ উপযুক্ত দেহধারণপূর্বক তাঁহার উপাসনা করেন তন্মধ্যে কাবেরী অন্যতমা। এই নদীটি সর্বদাই অপ্সরাগণের দ্বারা বেষ্টিত থাকে। কাবেরীতে স্নান করিলে সহস্র গো-দানের ফল প্রাপ্ত হইয়া স্বর্গলোক বাস হইয়া থাকে। কাবেরী ও নর্মদা নদীর সঙ্গমস্থল কাবেরী-সঙ্গম বলিয়া পরিচিত। এটি একটি অতি পবিত্র তীর্থ। এই স্থলে কুবের হাজার বৎসর ব্যাপী মহাদেবের তপস্যা করিয়া যক্ষাধিপতিপদ লাভ করিয়াছিলেন। এই তীর্থ দর্শনে অশ্বমেধ যজ্ঞের ফললাভ হয় এবং ইহার জল স্পর্শ করিলেই স্বর্গলাভ হয়।

কাবেরী নদীর উৎপত্তিস্থল সাহাদ্রি (সহ্যাদ্রি) পর্বত। পুরাণে কথিত আছে যে লোমশ ঋষি তপঃপ্রভাবে কাবেরীকে স্বর্গ হইতে মর্ত্যে আনয়ন করেন। তীর্থ ভ্রমণের সময় স্বয়ং বলরাম এই পবিত্র নদী তীর্থকে পরিক্রমা করিয়াছিলেন।

কাবেরী নদী পবিত্র অগ্নির উৎপত্তিস্থল। হব্যবহনকারী অগ্নি যে ষোলটি নদীকে কামনা করেন; তন্মধ্যে কাবেরী অন্যতমা।

(সহায়ক গ্রন্থ : বায়ুপুরাণ, হরিবংশ, মহাভারত, ভাগবত)

শ্রীশ্রীমায়ের আধ্যাত্মিক কথা

(৬)

শ্রীশ্রীমায়ের অধ্যাত্ম প্রসঙ্গে — ইং ২৭/৮/২০১৯

অন্তরাকাশ দেখতে দেখতে যোগীর চক্ষুদ্বয় আকাশের মতোই হয়ে যায়। যোগীর দৃষ্টিতে থাকে অনাবিল শান্তভাবের প্রতিচ্ছবি এবং সেই দৃষ্টি হয় অতি গভীর। প্রকৃত যোগীর চোখের মধ্যেই থাকে অসীমের প্রকাশ। সিদ্ধ মহাত্মাদের দেহের প্রতি কোষে ব্রহ্মজ্যোতির প্রকাশ থাকে যার ফলে তাঁদের দেহের চারিপাশে একটি চিৎপ্রভা বিরাজ করে। সাধারণ মানুষ সেই চিৎপ্রভার সান্নিধ্যে এলে পরে তখন তার দেহও চিৎপ্রভায় স্নাত হয়ে আধার শুদ্ধিকরণ হয়। এর ফলে সেই আধারের মধ্যে স্বভাবের কিছু পরিবর্তন হয়। তাই মহাত্মাগণের সান্নিধ্যকে বলা হয় 'সৎসঙ্গ'। সৎসঙ্গে থেকে মহাত্মাগণের সদুপদেশ যদি কেউ শ্রদ্ধাবনত চিত্তে পালন করতে পারে তবে তার অনন্ত মঙ্গল হয়। মঙ্গল অর্থে জাগতিক উন্নতি নয়, ওটিতে আত্মসত্তার মুক্তির পথ সুগম হয়। মহাত্মাগণ সর্বদাই নির্বিকার থাকেন। কার মুক্তিমার্গ প্রাপ্ত হল আর কার মুক্তিমার্গ প্রাপ্তি হল না, তাই নিয়ে মহাত্মাদের মাথাব্যথা হয় না, তাঁরা সমভাবে সকলকেই আলো দেন; যে মহাত্মাদের কাছে প্রাপ্ত আলোর উপলব্ধি করতে সক্ষম হয়, তার অন্তঃকরণে অবশ্যই আধ্যাত্মিক চেতনার প্রসারতা লাভ করে। জীবাত্মা এই ভাবেই 'চিন্ময়' বিষয়টিকে উপলব্ধি করতে সক্ষম হয়। এইভাবেই জীবন্মুক্ত নির্লিপ্ত নির্বিকার যোগীশ্বরগণ মানুষের অনন্ত মঙ্গল সাধন করে থাকেন।

গুরুগীতা

(মূল, অন্বয়, বঙ্গানুবাদ যৌগিক ও সাধারণ অর্থ সম্বলিত)

যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়

(২৪)

শ্রুতিস্মৃতিমবিজ্ঞায় কেবলং গুরুসেবয়া।
তে বৈ সন্ন্যাসিনঃ প্রোক্তা ইতরে বেশধারিণঃ।। ৭৫

শ্রুতিস্মৃতিম্ অবিজ্ঞায় কেবলং গুরুসেবয়া (যে জনাঃ গুরুং জানন্তি) তে বৈ সন্ন্যাসিনঃ প্রোক্তাঃ, ইতরে (জনাঃ) বেশধারিণঃ (সন্ন্যাস-বেশধারিণঃ এব ন তু সন্ন্যাসিনঃ ইতি বিজানীয়াৎ)।।৭৫

যখন ইহা স্থির হইল যে গুরুকে প্রত্যক্ষভাবে জানিতে হইবে, তখন শ্রুতি ও স্মৃতিবাক্য পাঠের দ্বারা পরোক্ষভাবে অবগতি নিষ্প্রয়োজন বলিয়া বোধ হইতেছে (স্মৃতি অর্থাৎ যদ্দ্বারা গুরুকে স্মরণ করা যায়, এবং বেদ অর্থাৎ যদ্দ্বারা গুরুকে জানা যায়); সুতরাং বলিতেছেন যে, কেবলমাত্র গুরুসেবা করিয়া যাও, অর্থাৎ ঊর্দ্ধস্থিত গুরুপদে লক্ষ্য রাখিয়া কার্য্য করিয়া যাও, তাহা হইলে তুমি প্রকৃত সন্ন্যাসী বলিয়াও পরিচিত হইবে (অর্থাৎ অন্ধকার ছাড়িয়া আলোকআশ্রয়ে যে আছে সেই সন্ন্যাসী); এবং অপরাপর যাহারা আলোকআশ্রয়ে নাই, এবং বাহ্যরূপকে আলোক ভাবিয়া অন্ধকারকেই আলোক বলিতেছে, অথচ বাহ্যভাবে সন্ন্যাসী বেশ ধারণ করিয়া সন্ন্যাসী বলিয়া পরিচয় দেয়, তাহারা মিথ্যা বেশধারী কপট সন্ন্যাসী মাত্র।। ৭৫

গুরুকৃপা প্রসাদেন আত্মারামো হি লভ্যতে।
অনেন গুরুমার্গেণ আত্মজ্ঞানং প্রবর্ত্ততে।। ৭৬

গুরুকৃপাপ্রসাদেন (নরেণ) আত্মারামঃ হি (নিশ্চিতং) লভ্যতে, অনেন গুরুমার্গেণ আত্মজ্ঞানং প্রবর্ত্ততে।।৭৬

গুরু সেবার দ্বারা গুরুর কৃপা হয়, এবং কৃপা হইয়া গুরু প্রসন্নভাব ধারণ করেন, গুরু প্রসন্ন হইলে জীব আত্মানন্দ লাভ করে (অর্থাৎ জীব পরসঙ্গে কষ্ট পাইতেছিল, এক্ষণে গুরুমার্গ অবলম্বন করিয়া আত্মসঙ্গে আনন্দ পাইতেছে —'আত্মারামঃ ফলাশী গুরুচরণরতঃ'), এবং এই গুরুমার্গে গতি হইয়া জীবের আত্মজ্ঞান লাভ হইতেছে অর্থাৎ গুরুই আত্মস্বরূপ এবং দেহ বা জগৎ পর ইহাই জ্ঞান হইতেছে।। ৭৬

আব্রহ্মস্তম্বপর্য্যন্তং পরমাত্মস্বরূপকম্।
স্থাবরং জঙ্গমঞ্চৈব প্রণমামি জগদগুরুম্।। ৭৭

আব্রহ্মস্তম্বপর্য্যন্তং (পরিব্যাপ্তং) পরমাত্মস্বরূপকং (যৎব্রহ্ম) স্থাবরং জঙ্গমং চ এব (দৃশ্যতে) জগন্ময়ং (তৎ গুরুং) প্রণমামি।। ৭৭

এই দেহরূপ সংসারবৃক্ষের শীর্ষস্থান বা মূল হইতেছে ঊর্দ্ধে, (গীতা ১৫ শ অঃ, ১ম শ্লোক দেখ) অধস্তম স্থান বা বৃক্ষকাণ্ডের অগ্রভাগ হইতেছে নিম্নস্থিত মূলাধার (মূলের আধার বলিয়া ইহাকে মূলাধার বলে) অর্থাৎ ইহাই পরমাত্মার প্রকাশমান রূপ অর্থাৎ স্থাবরজঙ্গমাত্মক এই প্রকাশমান জগৎই পরমাত্মার রূপস্বরূপ। এমত জগৎব্যাপী পরমাত্মস্বরূপ গুরুকে নমস্কার করিতেছি।। ৭৭

এই বৃক্ষ হইতেছে ব্রহ্মের কল্পনাপ্রসূত জীবদেহ, জীব ঊর্দ্ধ হইতে অধঃ এবং অধঃ হইতে ঊর্দ্ধ, এই দ্বিবিধ গতির দ্বারা কর্ম করিতেছে, সুতরাং ব্রহ্মসম্ভূত কর্মই জীবের জীবনরক্ষার উপায়স্বরূপ (গীতা ৩য় অঃ, ১৫ শ্লোক দেখ)। অর্থাৎ যাবৎ কর্ম আছে তাবৎ দেহ আছে কর্ম ঘুচিলে কাহারও বা ব্রহ্মে লয় হয়, এবং কাহারও বা দেহতে লয় হয়, সুতরাং বুঝা যাইতেছে যে, এই কর্মের দুইজন নিয়ামক হইতেছেন একজন ব্রহ্ম যিনি ঊর্দ্ধে আছেন এবং অপর মোহ যাহা দেহমধ্যে অবস্থান করিতেছে। এক কর্মের দ্বারা কর্ম শেষ হইয়া ব্রহ্মে লয় হয়, এবং অন্য কর্মের দ্বারা কর্ম শেষ না হইয়া উপর্য্যুপরি বহু কর্মের সঞ্চার হইয়া থাকে। পরন্তু দেহ তো চিরকাল থাকিবে না, কর্মের সঙ্গে সঙ্গে দেহেরও অবসান হয়, এবং জীবেরও কর্মবশে দেহ হইতে পুনরায় দেহ-কল্পনায় জন্মান্তর গতি হয় এই ভাবে জন্ম হইতে জন্মান্তর গতির দ্বারা পরিশেষে জীব যে সূত্রাবলম্বনে কর্ম করিতে সক্ষম হইয়াছিল, সে সূত্র হইতে বিচ্ছিন্ন হয়, তখন মোহ তাহাকে বেড়িয়া ফেলে — জীব অন্ধকারময় পাতালে গিয়া জড়বৎ পড়িয়া থাকে। এই দুর্গতি এড়াইবার জন্যই হইতেছে ব্রহ্ম ক্রিয়ার সাধন, জীব যাহাতে ব্রহ্মসূত্রাবলম্বনের দ্বারা ঊর্দ্ধে গতি হইয়া ব্রহ্মে মিশিয়া কর্ম শেষ করিতে পারে, ইহাই হইল জীবন যাত্রার সুচারুরূপে যাত্রা শেষ করিবার উপায় এবং ইহাই জীবধর্মের কর্ত্তব্য কর্ম, নচেৎ মোহানুগত্যে পরধর্মানুশীলনে অকৃতজ্ঞ জীবের অধর্মের পরিচয় হইয়া থাকে। যেখান হইতে উৎপত্তি সেইখানে নিবৃত্তি ইহাই ধর্মপন্থা, এবং ভিন্নপন্থাবলম্বনে ভিন্ন বিষয়ে পরিণতি, ইহাই অধর্মপন্থা। *...ক্রমশঃ*

(কলিকাতা—আদিনাথ-আশ্রম হইতে প্রকাশিত ও
সর্বসত্ত্ব সংরক্ষিত)

যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা

প্রসঙ্গ (৬৮)

একবার আমি (শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়, শিবপুর, হাওড়া) আমার ছোট ভগ্নীপতিকে নিয়ে শ্রীশ্রীবাবার (শ্রীশ্রীসরোজ বাবা) কাছে গিয়েছিলাম। আমার ভগ্নীপতি ছিল ক্রিকেট খেলা পাগল। ক্রিকেটের আলোচনা ছাড়া আর কোনো ব্যাপারেই তার interest ছিল না। যখন শ্রীশ্রীবাবার কাছে সন্ধ্যাবেলা তাকে নিয়ে গেলাম, গুরুমহারাজ তাঁর শিষ্যদের নিয়ে কোনো এক বিষয়ে কথাবার্তা বলছিলেন। দেখলাম ভগ্নীপতির সেইসব আলোচনা শুনতে মোটেই আগ্রহ ছিল না। শ্রীশ্রীবাবা তখন হঠাৎ ক্রিকেট নিয়ে আলোচনা শুরু করলেন, এমনভাবে আলোচনা করছিলেন যেন বাবা ক্রিকেটের সব খেলা খুঁটিয়ে খুঁটিয়ে দেখেন এবং বাবার ব্যাট ও বল করার দারুণ অভিজ্ঞতা। তখন দেখলাম ভগ্নীপতি খুব উৎসাহ দেখালো। কিছুক্ষণ ধরে আলোচনা চলার পর বাবা আর অন্য কোনো বিষয় নিয়ে কথা বললেন না। তারপর আমরা সেখান থেকে চলে এলাম। আসতে আসতে ভগ্নীপতি বললেন, ''তোমার গুরুদেব টি.ভি তে খুব খেলা দেখেন।'' আমি বললাম, ''বাবার সময় কোথায়, বাবা তো সব সময়ই ভাবস্থ হয়ে থাকেন।''



আমি আমার গুরু মহারাজের যে মহাভাব দেখেছি, ঠিক তেমনই আমাদের আশ্রমের শ্রীশ্রীমায়ের মধ্যে মহাভাব দেখতে পাই।

প্রসঙ্গ (৬৯)

আমি (শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়, শিবপুর, হাওড়া) একবার আমার এক ডাক্তার বন্ধুকে নিয়ে শ্রীশ্রীবাবার (শ্রীশ্রীসরোজ বাবা) কাছে গিয়েছিলাম। তিনি ছিলেন Child Specialist শ্রীশ্রীবাবার সাথে তাঁর পরিচয় করিয়ে দিলে বাবা বললেন, ''আমাদের দেশে এখনও ভাল Child Specialist-এর অভাব। এছাড়াও আরও অনেক কথা বললেন। ডাক্তার বন্ধুটি এতটাই অভিভূত হয়ে গিয়েছিলেন যে পকেট থেকে কিছু টাকা বের করে গুরুমহারাজকে দিতে গেলে শ্রীশ্রীবাবা জিজ্ঞাসা করলেন ''এটা কি?'' বন্ধুটি বললেন, ''বাবা এটা সামান্য দক্ষিণা।'' গুরুজী রেগে গিয়ে বললেন যেটা দিতে এসেছ সেটা এক্ষুণি পকেটে ঢোকাও। বন্ধুটি ভয় পেয়ে বললেন, ''বাবা, একটু কৃপা করবেন না?'' বাবা বললেন ''আমি তোমায় যা বললাম তা কর। এখন বাড়ী যাও। আবার পরে আসবে।''

এই অর্থ নেওয়ার ব্যাপারে আমি একটা জিনিস লক্ষ্য করেছিলাম বাবা সাধারণতঃ হাতে অর্থ নিতেন না এবং সবাইকার কাছ থেকে কিছুতেই অর্থ নিতেন না। পরে আমি শুনেছিলাম যে বাবা সেই ব্যক্তির আধার দেখতেন এবং পূর্বজন্মের কৃত ফল দেখতেন। আমি দেখেছি এবং অখণ্ড মহাপীঠ আশ্রমের শ্রীশ্রীমায়ের বিভিন্ন সন্তানের কাছে শুনেছি যে শ্রীশ্রীমায়ের মধ্যেও এই একইভাব প্রবলভাবে বিরাজিত।

প্রসঙ্গ (৭০)

আমার গুরুদেবের (শ্রীশ্রীসরোজ বাবা) বাড়ীতে তখন দুর্গাপূজা হোত আমরা সবাই খুব আনন্দ করতাম। কোনো এক বছর দুর্গাপূজার কয়েকদিন আগে সকালে হঠাৎ মিহিরদা (বাবার ক্রিয়ান্বিত সন্তান) আমাদের (শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়, শিবপুর, হাওড়া) বাড়ীতে এসে মাকে বললেন, ''বাবা আপনার বাড়ীতে পাঠিয়ে দিলেন, পূজাতে ৩,০০০/- টাকা কম পড়ছে, যা প্রদীপের মাকে বলে নিয়ে আয়।'' দুর্গাপূজার মতন অত বড় পূজায় ৩,০০০/- টাকা বাবা চেয়ে পাঠিয়েছেন এই আনন্দে মা আলমারি খুলে দেখলেন যে মায়ের একটু একটু করে জমানো ৩,০০০/- টাকাই ছিল। মা সেটা মিহিরদাকে দিয়ে দিলেন।

পূজা ভাল ভাবে কেটে গেল। হঠাৎ মায়ের মনে হল যে বাবা তো ইচ্ছা করলেই ৩,০০০/- টাকা সংগ্রহ করতে পারতেন, তা ছাড়া বাবার তো অনেক ধনী শিষ্য আছে। এই মনে হতে মা যখনই শ্রীশ্রীবাবার কাছে আসতেন তখনই বাবাকে বলতেন ''বাবা পূজা তো মিটে গেছে আমার মতন মধ্যবিত্তের কাছে আপনার টাকাটা নেওয়া উচিৎ হয় নি। আমার টাকাটা দিয়ে দিন।'' একদিন শ্রীশ্রীবাবা মাকে বললেন ''মা চিন্তা করবেন না, আপনার অনেক দিনের কষ্টে জমানো টাকা, তবে টাকাটা খুব তাড়াতাড়ি পেয়ে যাবেন।''

আমার বাবা টেলিফোন অফিসে চাকরি করতেন।

আমাদের বাড়ীতে ফোন নেবার সময় ৩,০০০/- টাকা Caution Money জমা নিয়েছিল। হঠাৎ-ই Central Government (P &T Dept.) ঘোষণা করল যে এই Caution Money যারা টেলিফোন অফিসে চাকরি করেন তাদের ফেরত দিয়ে দেওয়া হবে। নির্দিষ্ট সময় ৩,০০০/- টাকা ফেরত দেওয়া হয় ও গুরুদেবের কথা অনুযায়ী আমার মাও টাকাটা পেয়ে যান।

প্রসঙ্গ (৭১)

আমার মা তখন গুরুদেবের কাছে খুব যাতায়াত করেন। একদিন রাত্রি ৯টার সময় মায়ের খুব ইচ্ছে হল শ্রীশ্রীবাবাকে পায়েস খাওয়াবেন, মা তখন পায়েস বানিয়ে নিয়ে রিক্সায় করে রাত প্রায় ১০:৩০ নাগাদ শ্রীশ্রীসরোজবাবার বাড়ী গেলেন। মা দেখলেন বাবার বাড়ীর একতলার দরজা ভেজানো আছে, কোনো লোকজন নেই, বাবা একা বসে আছেন থালায় রুটি এবং বাটিতে তরকারি রয়েছে, বাবার সেজ মেয়ে 'সোনা' দাঁড়িয়ে আছে, মাকে দেখে বলল, ''দেখুননা, বাবা কিছুতেই রুটি খাচ্ছেন না খালি একই কথা বলে যাচ্ছেন - আমার খুব পায়েস খেতে ইচ্ছে করছে আমি পায়েস খাবো। এত রাত্রিতে কোথায় পায়েস পাই বলুন তো! মাকে বলতে মা বললেন যে কালকে করে দেব।'' আমার মা তখন বললেন, ''আমি পায়েস নিয়ে এসেছি।'' সোনা তখন শ্রীশ্রীবাবাকে বলল ''প্রদীপবাবুর মা তোমার জন্য পায়েস নিয়ে এসেছেন এবার খেয়ে নাও।'' বাবা বললেন, ''ও আচ্ছা, খাব।'' তারপর শ্রীশ্রীবাবা মাকে বললেন ''মা, অনেক রাত্রি হয়ে গিয়েছে, আপনি বাড়ি যান।'' *...ক্রমশঃ*

—মাতৃ-পিতৃ চরণাশ্রিত শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়,
শিবপুর, হাওড়া

জ্ঞানগঞ্জের যোগ প্রসঙ্গে

শ্রীবিজন কুমার সেনগুপ্তের বিশেষ অনুরোধে ডঃ গোপীনাথ কবিরাজজীর ১৮টি পত্রের সাধন মার্গের নিগূঢ় তত্ত্ব ও সাধন প্রণালীর উপর শ্রীশ্রীমায়ের যোগ-ব্যাখ্যা —

ডঃ গোপীনাথ কবিরাজের পত্রাবলী প্রসঙ্গে :—

মরমী সাধক ডঃ গোপীনাথ কবিরাজজীর গুরুভ্রাতা শ্রীঅক্ষয় কুমার দত্তগুপ্ত মহাশয়কে জ্ঞানগঞ্জের সাধন মার্গের ক্রিয়াযোগের যে সকল নিগুঢ় তত্ত্ব, তথ্য এবং সাধন প্রণালীর বিষয় চিঠিতে উল্লেখ করেছেন তারই কয়েকটি প্রশ্ন :—

১১। (পত্র নং ১০, প্রঃ ২)—(দ্বিতীয় ভাগ) ৩৩ পৃষ্ঠায় কবিরাজজী দীক্ষাপ্রাপ্ত শিষ্যের 'আধার' বা 'নিমিত্ত', ১০৩ প্রভৃতির যে ব্যাখ্যা দিয়াছেন সেই সম্বন্ধে - শ্রীমার মত কি?

কৃপাহীন মার্গে ১০৩ হইতে ১০৫ হয়। ১০৪ হইতে উঠিতে হয় না, তদ্রূপ ১০৫ হইতেই ১০৯ হয়, ৬,৭,৮ ভেদ করিতে হয় না। — এই বিষয়ে শ্রীমা যদি কিছু বলেন — ইহার রহস্য কি? কেন ৬,৭,৮ স্তর ভেদ করিতে হয় না?

উত্তর — (পত্র ১০, প্রঃ ২, দ্বিতীয় ভাগ) — সমগ্র সন্তমণ্ডল ও মহাযোগীশ্বর সিদ্ধ সদ্‌গুরু জগৎকল্যাণের নিমিত্ত যে ব্যক্তিত্বকে নির্বাচন করিয়া থাকেন, সদ্‌গুরু তাঁহার অধ্যাত্ম কর্ম সম্পাদনের জন্য যাঁহাকে অভিষিক্ত করেন, তিনিই হইলেন 'আধার' বা 'নিমিত্ত'। সদ্‌গুরুর চিত্তগত বিশুদ্ধভাবের সঙ্গে সেই আধার 'তদাত্ম্যভাব' অর্থাৎ তদ্‌গতচিত্ত ভাব প্রাপ্ত হন এবং তাহার ফলে সদ্‌গুরুশক্তি সেই আধার মধ্যে পূর্ণভাবে কার্য্যকরী হয়। ইহার ফলস্বরূপ



আধাররূপী শিষ্য ১০৩-এ উপনীত হওয়া মাত্রই পরাভক্তিযোগে বিশুদ্ধভাব লব্ধ হইয়া নিজ অন্তঃকরণ শুদ্ধকরতঃ অত্যল্পকালের মধ্যেই গুরুশক্তি মস্তকে ধারণ করতঃ শিবাবস্থা প্রাপ্ত হইয়া সদ্‌গুরু-শিষ্য অভেদ সত্তা হইয়া যান। অবশ্যই ওই আধার-এর জন্মার্জিত অখণ্ড তপোবল ও প্রবল সংস্কার থাকে। কবিরাজ মহাশয় বলিয়াছেন —''এই আধাতেই সদ্‌গুরুর অনন্ত ঐশ্বর্য্য নিহিত হয়। মরদেহ সম্পন্ন 'আধা'কে এই প্রকার গুরুভার বহনের উপযোগী করিবার জন্য অতি কঠোর তপশ্চর্য্যার ভিতর দিয়া অগ্রসর হইতে হয়।'' এই তপস্যা সাধিত হইবার কালে স্থূলদেহের নিমিত্ত কোন খাদ্য গ্রহণ করা চলে না; মস্তকস্থ সহস্রারের অমৃত ক্ষরণের দ্বারাই দেহ পুষ্টিলাভ করিয়া থাকে এবং সৌরশক্তির তেজে শিষ্যের দেহ ক্রমশঃ ওজস্বী হইয়া ওঠে। *—যোগ প্রসঙ্গের ব্যাখ্যা*

শ্রীশ্রীমা সর্বাণী

গণ্ডকী নদীর কথা

শ্রীশ্রীমা সর্বাণী

বায়ু পুরাণ মতে স্বর্গে প্রবাহিত গণ্ডকী নদীকে মহর্ষি লোমশ কঠোর তপোবলে মর্ত্যে অবতরণ করান। বরাহ পুরাণে গণ্ডকী নদীর উৎপত্তির বিষয়ে এক অভিনব কাহিনী আছে। পুরাকালে ভগবান বিষ্ণু একদা হিমালয় পর্বতে কঠিন তপস্যা আরম্ভ করেন। দীর্ঘকাল তপোরত থাকিবার ফলে একসময় ভগবান বিষ্ণুর গণ্ডদেশ হইতে প্রচুর স্বেদরাশির উদ্ভব হয়। সেই স্বেদরাশি হইতে একটি নদীর জন্ম হয়। ভগবান বিষ্ণুর গণ্ডদেশ হইতে নিঃসৃত স্বেদ হইতে জন্ম হইয়াছে বলিয়া মহাদেব নদীটির নামকরণ করিলেন 'গণ্ডকী'।

গণ্ডকী বা কালীগণ্ডকী নদীর উৎপত্তি নেপাল-তিব্বত সীমান্তে অবস্থিত হিমালয় পর্বতের হিমবাহ হইতে। এটি গঙ্গার একটি প্রধান উপনদী। গণ্ডকী নদীকে মহাভারতে সর্বতীর্থবারি হইতে উৎপন্ন বলিয়া বর্ণনা করা হইয়াছে। গণ্ডকী নদী পবিত্র জলধারা বলিয়া যেমন পুরাণ প্রসিদ্ধ, তেমনিই শালগ্রাম শিলার উৎপত্তিস্থল এবং প্রাপ্তিস্থান বলিয়া বিখ্যাত। একমাত্র গণ্ডকী নদীতেই শালগ্রাম শিলা পাওয়া যায়। বরাহ পুরাণে গণ্ডকী নদীতে শালগ্রাম শিলার উৎপত্তি বিষয়ে একটি কাহিনী বর্ণিত আছে। যথা — একসময় তৃণবিন্দু নামক এক ঋষি ছিলেন, জয় এবং বিজয় নামে তাঁহার দুই পুত্র ছিল। জয় এবং বিজয় দুজনেই ভগবান বিষ্ণুর একনিষ্ঠ ভক্ত ছিলেন। তাঁহাদের নিরন্তর আরাধনায় ভক্তবৎসল হরি এতটাই সন্তুষ্ট ছিলেন যে তিনিও জয় বিজয়ের প্রতি অতীব স্নেহভাব পোষণ করিতেন। একদা রাজা মরুত্ত এক বৃহৎ যজ্ঞের আয়োজন করেন, সেই যজ্ঞের পুরোহিতদিগের মধ্যে জয় ও বিজয়ও ছিলেন অন্যতম। মরুত্ত রাজার যজ্ঞ সম্পন্ন হইলে পরে রাজা জয়-বিজয়কে প্রচুর ধন সম্পদ দক্ষিণাস্বরূপ প্রদান করিলেন। গৃহে ফিরিয়া সেই দক্ষিণাস্বরূপ ধন সম্পদ বন্টন করিবার সময় দুই ভ্রাতার মধ্যে বিবাদ আরম্ভ হইল। সেই কলহ একসময় এমনই চরমে উঠিল যে জয়, কনিষ্ঠ ভ্রাতা বিজয়কে বলিলেন — ''তুমি দক্ষিণাস্বরূপ যাহা গ্রহণ করিয়াছ, তাহার অংশ যদি আমাকে প্রদান না কর তাহা হইলে আজ হইতে তুমি মনুষ্য দেহ ত্যাগ করিয়া 'গ্রাহ' (অর্থাৎ, কুম্ভীর জাতীয় জলজন্তু বিশেষ) হও।'' জ্যেষ্ঠ ভ্রাতার অভিশম্পাত শুনিয়া ক্রুদ্ধ বিজয়ও পাল্টা অভিশাপ দিলেন — ''তুমি হাতীতে রূপান্তরিত হও।'' এইভাবে জয় এবং বিজয় গণ্ডকী নদীতে কুমীর এবং হস্তীর রূপ প্রাপ্ত হইয়া বাস করিতে লাগিলেন। পরন্তু এই অবস্থায়ও উহাদের কলহ বন্ধ হইল না। বরং তাহা যুদ্ধে পরিণত হইল। গণ্ডকী নদীর জলে হাতী এবং কুমীরের মধ্যে তুমুল লড়াই চলিতে লাগিল দীর্ঘকাল ধরিয়া। বিশালকায় দুই প্রাণীর যুদ্ধে গণ্ডকী নদীর জলে বসবাসকারী বহু নিরীহ প্রাণীর মৃত্যু হইতে লাগিল এবং নদীর জল অপবিত্র হইতে লাগিল। ইহা দেখিয়া জলের দেবতা বরুণদেব তখন ভগবান বিষ্ণুকে অনুরোধ করিলেন, ঐ দুই প্রাণীর যুদ্ধ বন্ধ করিয়া গণ্ডকী নদীকে রক্ষা করিতে। বরুণদেবের প্রার্থনায় ভগবান বিষ্ণু তখন সুদর্শনচক্রের আঘাতে জয়-বিজয়ের মুণ্ডচ্ছেদ করিলেন। জয়-বিজয়ের উপর প্রহার করিবার কালে নারায়ণের সুদর্শনচক্র গণ্ডকী নদীর খাতে অবস্থিত শিলাগুলিকে একাধিকবার আঘাত করে। এই আঘাতের ফলে গণ্ডকী নদীর এই শিলাগুলিতে ভগবান বিষ্ণুর সুদর্শনচক্রের দাগ পড়িয়া যায়। ভগবান বিষ্ণুর সুদর্শনচক্র লাঞ্ছিত এই শিলাগুলিই পরবর্তীকালে 'শালগ্রাম শিলা' বলিয়া প্রসিদ্ধ হয়।

বরাহ পুরাণে ঐ একই অধ্যায়ে গণ্ডকী নদীতে শালগ্রামশিলার উৎপত্তি সম্বন্ধে আরও একটি কাহিনী বর্ণিত হইয়াছে। একসময়ে স্বয়ং গণ্ডকী নদীই সুদীর্ঘকাল ব্যাপী ভগবান বিষ্ণুকে প্রসন্ন করিবার জন্যে কঠোর তপ করিয়াছিলেন। গণ্ডকী নদীর তপস্যায় তুষ্ট হইয়া ভগবান বিষ্ণু সশরীরে তাহাকে দর্শন দিলেন এবং বর প্রার্থনা করিতে বলিলেন। তখন গণ্ডকী নদী বলিলেন —''প্রভু! আপনি যদি সত্যই প্রসন্ন হইয়া থাকেন তবে আমার গর্ভে পুত্ররূপে জন্মগ্রহণ করুন।'' ভগবান বলিলেন -''তথাস্তু! আজ হইতে তোমার গর্ভে আমি স্বয়ং শিলাময়রূপ ধারণ করিয়া সর্বদা বাস করিব। আমাকে পুত্র রূপে লাভ করিবার ফলে তুমি মর্ত্যের অন্যতম পবিত্র নদী বলিয়া প্রতিষ্ঠালাভ করিবে। তোমাতে স্নান কিংবা দর্শনমাত্র মানুষের সর্বপাপ বিনষ্ট হইবে।'' এই কথা বলিয়া ভগবান বিষ্ণু শিলারূপে গণ্ডকী নদীগর্ভে বাস করিতে লাগিলেন। তাঁহার এই শিলাময়রূপ সুদর্শনচক্র চিহ্নিত ও বজ্রকীট দংশন যুক্ত। এই শিলাই 'শালগ্রাম শিলা' নামে জগত-প্রসিদ্ধ।

(বায়ু পুরাণ ও বরাহ পুরাণ হইতে সংগৃহীত)

নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা

(৩৭)

দেবতা ইন্দ্র — (পূর্ব প্রকাশিতের পর....)

ইন্দ্র দেবতার পিতা-মাতার সঠিক নাম কি, তা বলা মুশকিল, কারণ বেদের বিভিন্ন সূত্র থেকে বিভিন্ন প্রকার নাম পাওয়া যায়। দ্যাবাপৃথিবীকে যেমন তাঁর পিতা-মাতা বলা হয়েছে (ঋক্ সং ৮/৫১/২), তেমনি দ্যৌ তাঁর পিতা এবং নিষ্টিগ্রীকে তাঁর মাতা বলা হয়েছে (ঋক্ সং ৪/১৭/৪, ১০/১০১/১২) ইত্যাদি। টীকাকারেরা অবশ্য এঁকেই অদিতি বলে অভিহিত করেছেন। তৃতীয় মণ্ডলের একটি মন্ত্রে (৩/৪৯/১) আবার একাষ্টকার পুত্র বলে ইন্দ্রকে দেখান হয়েছে — 'একাষ্টকা তপসা তপ্যমানা জজান গর্ভং মহিমানমিন্দ্রম্'। বেদেরই অন্যত্র আবার পাই - অসুরদের ধ্বংসের জন্য দেবতারা ইন্দ্রকে সৃষ্টি করেছিলেন -'ধনং বৃত্রাণাং জনয়ন্তো দেবাঃ'। পৌরাণিক সাহিত্যে অবশ্য কশ্যপ ও অদিতিকে ইন্দ্রের পিতা, মাতা বলে অভিহিত করা হয়েছে। শতপথ ব্রাহ্মণের আখ্যানে (১১/১/৫/১৪) অগ্নি, সোম প্রভৃতি দেবতার মত ইন্দ্রও প্রজাপতির থেকেই সৃষ্ট একথা পাই। যজুর্বেদের তৈত্তিরীয় ব্রাহ্মণের মতে সমস্ত দেবতাকে সৃষ্টি করার পরে প্রজাপতি তাঁদের সংরক্ষণের জন্যই ইন্দ্রকে সৃষ্টি করেছিলেন। ঋগ্বেদের দুটি সূক্তে (৩/৪৮, ৪/১৮) সম্পূর্ণভাবে তাঁর জন্মের বিবরণ আছে।

ইন্দ্রের স্ত্রীর কথা ঋগ্বেদের বিভিন্ন সূক্তে পাওয়া যায় (ঋক্ সং ১/৮২/৫,৬; ৩/৫৩/৪,৬; ১০/৬৩/৯,১০)। বিশ্বামিত্র ঋষি বলেছেন — ইন্দ্রের গৃহে কল্যাণকারিণী জায়া আছেন। ইন্দ্র শব্দের স্ত্রীলিঙ্গে তাঁকে ইন্দ্রাণী বলা হয়েছে (ঋক্ সং ১/২২/১২)। দশম মণ্ডলের একটি মন্ত্রে ঋষি বলেছেন — সকল নারীর মধ্যে আমি ইন্দ্রাণীকে সৌভাগ্যবতী বলে মনে করি। ঋগ্বেদের ঐতরেয় ব্রাহ্মণে (৩/২২/৭) ইন্দ্রাণীর নাম প্রাসহা ও সেনা —'সেনা বা ইন্দ্রস্য প্রিয়া জায়া বাবাতা প্রাসহা নাম'। তৈত্তিরীয় ব্রাহ্মণেও (১/৪/২/৭-৮) ইন্দ্রাণীর সঙ্গে এদের ঐক্য দেখান হয়েছে। ইন্দ্রাণীর নাম শচী বলেও কোথাও কোথাও দেখান হয়েছে। তাই ইন্দ্র হয়েছেন শচীপতি। বেদের অধিকাংশ স্থলেই স্ত্রীদের পরিচয় পিতা, স্বামী প্রভৃতির সঙ্গে সম্পৃক্ত করে দেওয়া হলেও শচীপতির ক্ষেত্রে কিন্তু স্ত্রীর সঙ্গে সংযুক্ত করে ইন্দ্রের পরিচয় দেওয়া হয়েছে। পাশ্চাত্য পণ্ডিত পিশেল সাহেব শচী শব্দটি নাম হিসাবে ধরলেও আধুনিক অনেক পণ্ডিত এর অর্থ করেছেন — শক্তির অধীশ্বর। পৌরাণিক সাহিত্যে ইন্দ্র নিঃসন্দেহে শচীপতি। শাক্তধারায় ইন্দ্রাণী ও শচী সমার্থক। ইন্দ্র এখানে চতুর্দন্ত গজারূঢ়। তাঁর হাতে আছে বজ্রনামক আয়ুধ। তিনিই পুরন্দর এবং নানা অলংকারে বিভূষিত —

''চতুর্দন্তগজারূঢ়ঃ বজ্রপাণিঃ পুরন্দরঃ।
শচীপতিশ্চ ধ্যাতব্য নানালঙ্কারভূষিতঃ।।''

নভঃ প্রভেদন নামক ঋষি ইন্দ্রের সুন্দর মূর্তির বর্ণনা দিয়েছেন। ইন্দ্র হরিৎবর্ণ ঔজ্জ্বল্যদ্বারা সূর্য্যের থেকেও উজ্জ্বলতর এবং নানা শোভার দ্বারা তাঁর শরীর বিভূষিত (ঋক্ সং ১০/১১২/৩)। তাঁর দেহটি হিরণ্ময় (ঋক্ সং ১/৭/২), তিনি হিরণ্যবাহু (৭/৩৪/৪) ও বিশাল হস্ত বিশিষ্ট (৮/৮১/১) — মহাহস্তী। তাঁর হস্ত দুটিকে বিস্তীর্ণ দানশীল ও কর্মক্ষম (ঋক্ সং ৯/১৯/৩) বলা হয়েছে। ইন্দ্রের শ্মশ্রুর প্রশংসায় ঋগ্বেদের অনেকগুলি মন্ত্র ব্যয় করা হয়েছে। রথে ছোটার সময় তাঁর শ্মশ্রু কাঁপে (ঋক্ সং ১০/২৩/১), সোমরস পানের সময় শ্মশ্রুতে সোম লেগে থাকে (ঋক্ সং ২/১১/১৭)। ইন্দ্রের বিশ্বরূপ ও নানারূপের কথা ঋগ্বেদের অনেক মন্ত্রে শ্রুত হয়। তিনি বিশ্বরূপ ধারণ করে অমৃতে অধিষ্ঠান করছেন (ঋক্ সং ৩/৩৮/৪) — 'বিশ্বরূপো অমৃতানি তস্থৌ'। তিনি শরীরকে নানাবিধ রূপ বিশিষ্ট করেছিলেন (ঋক্ সং ৩/৪৮/৪) — 'যথাবশং তন্বং চক্র এষঃ'। 'রূপং রূপং প্রতিরূপো বভূব' (ঋক্ সং ৩/৫৩/৮)। মনুসংহিতার সপ্তম অধ্যায়ে রাজধর্মের আলোচনা করতে গিয়ে মনু বলেছেন রাজা তাঁর কার্যসিদ্ধির জন্য নানা প্রকার রূপ ধারণ করেন। রাজার মধ্যে ইন্দ্র, চন্দ্র, বরুণ ইত্যাদি নানা দেবতা অবস্থান করেন। ইন্দ্রকে দেবরাজ হিসাবে কল্পনা করার ফলেই হয়তো তাঁর বিশ্বরূপ ও সহস্রাক্ষ এরূপ ধারণা সৃষ্টি হয়েছিল। বর্তমান প্রবন্ধেই আমরা এই দুটি বিশেষণ সম্পর্কে আলোচনা করব।

....ক্রমশঃ

—অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

কোথায় তোমরা চলেছ?

(স্বামী মুক্তানন্দ রচিত ইংরাজী পুস্তক 'Where Are You Going' **-এর বঙ্গানুবাদ)**

(৫)

চেতনার চার অবস্থা —

রাজা জনকের মতন, আমরা কেবল একটা সাধারণ চেতন অবস্থাকে মানি, যার মধ্যে আমরা বাস করি। পূর্ণ সত্যের সম্বন্ধে আমাদের জ্ঞান নেই। যখন আমরা জেগে থাকি তখন আমরা সম্পূর্ণভাবে জাগ্রত জগতের মধ্যে ডুবে থাকি। যখন আমরা স্বপ্নে থাকি, আমদের ক্রিয়াকলাপ, আমাদের জগৎ, আমাদের বোধ, জাগ্রত অবস্থার থেকে সম্পূর্ণ আলাদা। যখন আমরা গভীর নিদ্রায় মগ্ন থাকি, আমাদের চেতনাকে আমরা সম্পূর্ণভাবে হারাই। কিন্তু যখন আমরা ধ্যান করি, আমরা গভীর নিদ্রাকে ছাড়িয়ে আত্মার রাজ্যে প্রবেশ করি। সেই অবস্থা হচ্ছে অন্যান্য সব অবস্থার ভিত্তিভূমি। এইটাই কেবল স্থায়ী এবং অপরিবর্তনশীল। একবার এই অবস্থায় প্রবেশ করলে আমাদের সত্যকে বুঝতে পারব। আমরা অনুভব করতে পারব যে আমরা চৈতন্য ছাড়া অন্য কিছু নয়। এই স্থূলদেহে আমরা যে বেশভূষা পরি তার মতন। বেশভূষাগুলি যেমন কেবল দেহের আবরণ মাত্র, সেইরকম, বাহ্যিক শরীরটা কেবলমাত্র আমাদের ভিতরের চৈতন্যের আবরণ মাত্র। সেই চৈতন্যকে জানাই হোল আমাদের জীবনের উদ্দেশ্য। যদি প্রত্যেকেই সেই অন্তঃসত্যকে উপলব্ধি করতে পারে, যদি প্রত্যেকে তাদের প্রকৃত স্বভাবকে বুঝতে পারে, তাহলে আর কখনো মানুষে মানুষে দ্বন্দ্ব থাকবে না; যেটা থাকবে সেটা হল মৈত্রেয়ী, ভালবাসা এবং বিশ্ব ভ্রাতৃত্ববোধ। এই কারণে, আমাদের আত্মাকে জানা একান্ত প্রয়োজন। যখন আমরা আমাদের আত্মাকে জানতে পারব, তখনই কেবল অন্যকে জানতে পারব। তখনই, যে মহত্ব আমাদের মধ্যে অবস্থান করছে, অন্যের মধ্যেও সেই মহত্ব দেখতে পারব। যখন আমরা আমাদের মধ্যে মনুষত্বের সত্য সচেতনতা অনুভব করতে পারব, অন্যের মধ্যেও সেই একই মনুষত্ব দেখতে পাব এবং তখনই আমরা বুঝতে পারব যে পৃথিবীর প্রত্যেকেই ঈশ্বরের সন্তান।

সুখের অন্বেষণে —

ভারতীয় শাস্ত্রকারগণ একটা বড় প্রশ্ন তোলেন, ''মনুষ্য জীবনের উদ্দেশ্য কি?'' ঋষিদের মত অনুসারে, দুঃখ, কষ্ট দূর এবং চরমতম আনন্দলাভ করাই জীবনের লক্ষ্য। এই বিষয়ে চিন্তা করলে আমরা বুঝতে পারব যে আমরা জীবনে যা কিছু করি এই দুইটির জন্যই।



আমরা কী চাই? আমরা সুখ চাই। আমরা আনন্দ চাই। আমরা ভালবাসা, প্রেরণা ও উৎসাহ চাই এবং যে কোনো প্রকারেই হোক আমরা এগুলি লাভ করতে চাই। সুখের জন্য আমরা প্রেম করি এবং বিবাহ করি, সন্তান উৎপাদন করি। সুখের জন্যই আমরা ব্যবসা করি, অর্থ উপার্জন করি, সম্পদ সংগ্রহ করি এবং বিভিন্ন প্রকার মেধা দক্ষতা এবং উপভোগের পিছনে ধাবিত হই। এমনকি যখন অন্যের কোনো ক্ষতি করি বা অন্যকে বঞ্চিত করি, তখনও আমরা এগুলি করি এই আশায় যে এগুলি আমাদের সুখ আনবে। কিন্তু যদি আমরা যথার্থই নিজেদের বিচার করি তাহলে আমরা আবিষ্কার করব, যে আনন্দ আমরা খুঁজছি কেবলমাত্র আমাদের নিজেদের মধ্যেই খুঁজে পাব। মহারাষ্ট্রের একজন সাধক কবি লিখেছেন —

''হে মানব, বাইরের জগতে তো তুমি এত ঘুরলে,
এক জায়গা থেকে অন্য জায়গায় ছুটলে,
কত ফুল-ফল তুললে কত অসংখ্য কর্মের পিছনে ছুটলে,
কিন্তু এত সব করে শুধু দুশ্চিন্তাই লাভ করলে,
এখন সময় এসেছে সীমাহীন অন্তর্জগতে উড়ে যাবার।
তোমার অভিষ্ট বস্তু পূর্ণভাবে সেখানে পাবে।''

অন্তর্মুখ হওয়া এত দুরূহ কেন? আমরা সুখ চাই, কিন্তু আমরা ক্রমাগতই করে চলেছি দুঃখের সাধনা। আমরা দুঃখের বীজ বপন করে যাচ্ছি এবং সুখের ফল ফলতে না দেখলে আশ্চর্য হই।

আমি এক দেশ থেকে অন্য দেশ ভ্রমণ করেছি। বিভিন্ন প্রকার লোকেদের সাথে আমি মিশেছি। আমি ধনী ও দরিদ্র

উভয় প্রকার লোকের সঙ্গ করেছি এবং প্রত্যেকেই আমার কাছে একই কথা বলেছে। প্রত্যেকেই অসুখী। তবু এত অতৃপ্তি থাকা সত্ত্বেও তারা আগে যেমন ভাবে জীবন কাটাচ্ছিল এখনও তেমন ভাবেই জীবন কাটাচ্ছে। কেমন করে তারা তাদের দুঃখ কষ্টের মোচন করবে এই চিন্তা না করে তারা স্বামী বা স্ত্রীকে, ঊর্দ্ধতর কর্তৃপক্ষকে, সরকার অথবা তাদের সময়কে কেবল দোষারোপ ও অনুযোগ করে। তারা ভাবে, 'আমাকে যে ভালবাসত যদি তাকে পেতাম, আমি খুব সুখী হতাম। আমার যদি একটা ভাল চাকরি থাকত, আমার জীবনে কোনো কষ্ট থাকত না। আমি যেমন চাই, স্ত্রী যদি সেই মতন চলত, সমস্তই শান্তিপূর্ণ হোত'— এবং এইভাবেই তাদের দিনগুলি চলে।

অবিরত লঙ্কা খাওয়া —

একটা গল্প আছে, সেটা এই কথাটিকে ভারি সুন্দরভাবে ব্যাখ্যা করেছে। একবার শেখ্ নাসিরুদ্দিন ভারত ভ্রমণে আসেন। যখন দিল্লী শহরে ঘুরে বেড়াচ্ছিলেন, তিনি একটা ফল ও তরি-তরকারির বাজারে আসলেন। বাজারে দাঁড়িয়ে তিনি লক্ষ্য করলেন যে অনেকেই লঙ্কা কিনছে। ভারতীয়রা খাবার সময় লঙ্কা খেতে খুব ভালবাসে। তারা খায় খুব অল্পই। নাসিরুদ্দিন ভাবলেন এটা (লঙ্কা) নিশ্চয়ই খুব উপাদেয় খাদ্য। সেইজন্য তিনি দু-কিলো লঙ্কা কিনলেন ও একটা গাছের নীচে বসে খেতে লাগলেন। প্রথম লঙ্কাটা চিবাতেই তাঁর মুখ জ্বলতে আরম্ভ করল এবং তাঁর চোখ-নাক দিয়ে জল বের হতে লাগল। তিনি উঃ! আঃ! করতে থাকলেন ও মুখে হাওয়া করতে লাগলেন। তারপর আবার একটা লঙ্কা চিবাতে লাগলেন এই ভেবে যে এই লঙ্কার স্বাদ নিশ্চয়ই আরো ভাল হবে। যদিও তাঁর মুখ জ্বলতে থাকে তবুও তিনি একটার পর একটা লঙ্কা খেতে থাকলেন এই ভেবে যে পরের লঙ্কাটা নিশ্চয়ই আগের লঙ্কাটার চেয়ে স্বাদে ভাল হবে। আমরাও ঠিক নাসিরুদ্দিনের মতন। আমরা প্রত্যেকেই লঙ্কা খাচ্ছি এই ভেবে যে কাল যে লঙ্কাটি খাব, সেটা না হলেও তার পরের দিনের লঙ্কাটির স্বাদ নিশ্চয়ই ভাল হবে। আমরা প্রত্যেকেই অবিরত সেই লঙ্কাই খেয়ে যাচ্ছি এই ভেবে যে কোনোদিন কখনো এগুলি সুস্বাদু হয়ে উঠবে। কিন্তু যেটা হচ্ছে সেটা হোল বর্তমানে আমরা নাকের-জলে, চোখের-জলে হাবুডুবু খাচ্ছি।

যখন নাসিরুদ্দিন তেজের সঙ্গে লঙ্কা খেয়ে চলেছেন, একটি লোক যে নাকি এতক্ষণ তাঁকে লক্ষ্য করে যাচ্ছিল, তাঁর কাছে এসে প্রশ্ন করল, সে কি করছে? নাসিরুদ্দিন বললেন, ''আমি দেখলাম অনেক লোকে এই জিনিসটি (লঙ্কা) কিনছে। সেইজন্য আমিও কিছু কিনলাম ও খাচ্ছি'' লোকটি বলল, ''দেখ এগুলি লঙ্কা। এগুলি খুব সামান্য পরিমাণে খেতে হয়।'' নাসিরুদ্দিন মাথা ঝাঁকালেন এবং পুনরায় খেতে লাগলেন। লোকটি আশ্চর্য হয়ে প্রশ্ন করল, ''এখন তো তুমি এগুলি কি জেনেছ, তবুও তুমি খাওয়া থামাচ্ছ না কেন?'' নাসিরুদ্দিন বললেন, ''দেখ, আমি এই লঙ্কাগুলি কিনেছি এবং আমাকে এগুলি শেষ করতেই হবে কারণ আমি আর লঙ্কা খাচ্ছি না আমি আমার টাকা খাচ্ছি।''

এই ভাবেই আমরা আমাদের জীবন কাটাই। আমাদের পারিপার্শিক পরিস্থিতি যদিও খুবই উত্তপ্ত সমস্যাপূর্ণ কিন্তু এগুলি আমাদের গ্রহণ করতেই হয় কারণ এগুলি আমরাই সৃষ্টি করেছি। আমরা আরও বেশী মজা উপভোগ, আরও প্রিয়জন বন্ধুবান্ধব, আরও অর্থ, আরও যশ খুঁজি। কিন্তু এগুলি কি সত্যকারের তৃপ্তি দিতে পারে? এইসব উপভোগ্য কি আমাদের সত্যকারের আনন্দ দিতে পারে, না কেবলই এগুলি আমাদের মধ্যে শুষ্কতা এবং রুক্ষতা আনে? সত্য সত্যই কি আমরা পরম আনন্দের অন্বেষণ করছি?

কবি ভর্তৃহরি লিখেছেন : ''আমি ভাবি আমি ইন্দ্রিয়গত আনন্দ উপভোগ করে যাচ্ছি, আমি বুঝতে পারি না তারা আমাকেই উপভোগ করে।

আমি ভাবতাম, আমি সময় কাটাচ্ছি, আমি বুঝতাম না যে এটা আমাকেই কাটাচ্ছে।

তোমার জীবনের দিকে তাকাও, চোখ খোলো, যখন তুমি তোমার কামনা বাসনা মেটাবার চেষ্টায় রত, তখন মহাকাল তোমাকে খেয়ে ফেলছে।''

কামনার ধর্মই হচ্ছে বেড়ে যাওয়া। যতই আমরা আমাদের বাসনাকে মেটাতে যাই, ততই সেগুলি বেড়ে যায়। আমাদের কী আছে পৃথিবীতে, সেটা বড় কথা নয়, আমরা সর্বদাই আরও বেশী চাই। আমাদের এক টাকা থাকলে, আমরা দশ টাকা চাই। যদি আমাদের দশ টাকা থাকে আমরা একশ টাকা চাই। যদি আমাদের ভক্স-ভ্যাগন্ গাড়ি থাকে আমরা মারসিডিস্ গাড়ি চাই। যদি আমরা একপাত্র খেতে পাই তাহলে আর এক পাত্র চাই। কিন্তু যতক্ষণ না আমরা অন্তর্মুখী হই এবং আত্মার আনন্দ উপলব্ধি করতে পারি, ততক্ষণ আমাদের কামনা বাসনার শেষ হবে না তা আমারা যত টাকাই উপার্জন করি বা

যত বন্ধু-বান্ধব লাভ করি বা নানারকম কর্ম সম্পাদন করি না কেন। বাইরের এই পৃথিবীর সমস্ত আনন্দই ক্ষণস্থায়ী। তারা স্থায়ী হতে পারে না। বস্তুতঃ আত্মার আনন্দ বাদে আমাদের পার্থিব আনন্দ, কোনো সংখ্যা বিহীন শূন্যের সমষ্টির মতন। যদি কেউ সেই আনন্দের মূল্য নির্ধারণ করতে চায় তাহলে তা সেই সংখ্যাবিহীন শূন্যের সমষ্টির মতই অর্থহীন হবে। আত্মার আনন্দ বাদে আমাদের সম্পদ শূন্য, রূপ শূন্য এবং আমাদের সব কর্মই অর্থহীন। যখন কেবল আমরা আত্মার অমৃতসুধা পান করি, তখন আমাদের সব শূন্যের কিছু মূল্য হয়।

...ক্রমশঃ

—বঙ্গানুবাদ শ্রীবিজন কুমার সেনগুপ্ত

ভ্রমণ

পঞ্চকেদারের পথে পথে

(৩)

তৃতীয় কেদার তুঙ্গনাথ যাত্রাপথে প্রথমে মদমহেশ্বর থেকে ফিরতি পথ। গৌভারে সামান্য বিশ্রাম সেখান থেকে রাঁশু হয়ে লেঙ্ক, এই লেঙ্কেই এদিনের মতো যাত্রা বিরতি। পরদিন সকালে লেঙ্ক থেকে যাত্রা শুরু, মনসুনা গ্রাম। পাঁচ কিলোমিটার পথ। সেখান থেকে বাসে উখীমঠ। এই পথে বাস চলাচল দিনে দুবার। আমার কপাল ভালো বলতে হবে। মনসুনা গ্রামের শেষ প্রান্তে পিচঢালা রাস্তায় পৌঁছাতে না পৌঁছাতেই বাসের দেখা মিলল। মনসুনা থেকে উখীমঠ আট কিলোমিটার। বাস না পেলে দ্বিতীয় বিকল্প পথচলতি কোনো সরকারি জিপ কিন্তু তা বড়ই অনিশ্চিত। উখীমঠ প্রাচীন রাজধানী, রাজকন্যা উপদেবীর নাম অনুসারে স্থানের নাম। মদমহেশ্বরের শীতকালীন আবাসন। পাহাড়ঘেরা উখীমঠের প্রাকৃতিক পরিবেশের তুলনা নেই। এখানে ব্যাঙ্ক, পোষ্ট-অফিস, বাজার, দোকান, স্কুল, হোটেল সবই আছে। রাত্রিযাপনের কোনো অসুবিধা নেই। উখীমঠ থেকে গোপেশ্বরের বাস ধরে নামি চোপতায়। উচ্চতা ১০ হাজার ফুট। চোপতা তুঙ্গনাথের প্রবেশদ্বার। উখীমঠ থেকে চোপতা প্রায় চল্লিশ কিলোমিটার। রাস্তা সোজা চলে গিয়েছে চামোলীতে — কেদার ও বদ্রীর সংযোগকারী পথ। চোপতা থেকে তুঙ্গনাথ চার কিলোমিটার। সময় বিকেল চারটে। ইচ্ছা তুঙ্গনাথেই রাত্রিযাপনের, সেইমতো বাস স্ট্যাণ্ডেই সামান্য কিছু মুখে দিয়ে যাত্রা শুরু করি। প্রথমে কিছুটা জঙ্গলের পথ, তারপর ন্যাড়া পাহাড়, পাহাড়ের গা বেয়ে পথ, বাঁ হাতে খাদ। হঠাৎ সূর্যদেব মুখ ঢাকেন। পাহাড়ীপথে নেমে আসে অন্ধকার। হেড-ল্যাম্প জ্বালিয়ে নিই। রাতের অন্ধকারে হিমালয় যেন জেগে ওঠে। গভীর নীরবতারও যে একটা ভাষা থাকতে পারে তা আগে বুঝিনি। হিমালয় যেন এগিয়ে আসে আরও কাছে। ফিসফাস শব্দে প্রকৃতিও যেন কিছু বলতে চায়। নিঃশ্বাসের শব্দে বনদেবীর যেন ধ্যানভঙ্গ হয়। গুরুমায়ের নাম নিয়ে চলতে শুরু করি। হঠাৎ দূর থেকে হোও-ও শব্দ সঙ্গে টর্চের আলোর রেখা। খুব দ্রুত এগিয়ে আসে আলোটা। দেখি আমারই দিকে ছুটে আসছে ওই আলো। কাছে আসতে দেখি লাগপৎ। জানতে পারি তুঙ্গনাথের পূজারীজী পাঠিয়েছেন তাকে আমার হেড-ল্যাম্পের আলো দেখে। লাগপতের সঙ্গে পায়ে পায়ে এসে দাঁড়াই মন্দির প্রাঙ্গণে। হাসিমুখে অভ্যর্থনা করেন পূজারীজী। যাত্রীনিগমে স্থান মেলে। কিছু পরে বের হই তুঙ্গনাথ দর্শনে। পুজারীজী জানান রাত্রে মন্দিরপ্রাঙ্গণে থাকার উপায় নেই। তুঙ্গনাথ রুষ্ট হন। লাগপৎ শোনায় এক কাহিনী। একবার জনৈক যাত্রী তুঙ্গনাথে আসেন, তিনি ভালো করে চলতে পারতেন না কুলীরা তাঁকে যাত্রীনিবাসে রেখে যায়। রাতের অন্ধকারে তিনি কোনো রকমে উপস্থিত হন মন্দির প্রাঙ্গণে, সকলের নিষেধ অমান্য করে, বলেন -"এই জীবন রেখে কি লাভ। যদি মরতেই হয় তুঙ্গনাথে এসে মরাই ভালো।" অনেক বোঝানোর পরেও তিনি সবাইকে ফিরিয়ে দিয়ে একা রয়ে যান মন্দির প্রাঙ্গণে। রাতের অন্ধকারে

উখীমঠ

তুঙ্গনাথের কাছে তাঁর আকুতির শব্দ শোনা যায়। হঠাৎ সেখানে আবির্ভূত হন এক জটাধারী সন্ন্যাসী, হাতে ত্রিশূল। ওই যাত্রীকে সবেগে পদাঘাত করেন তিনি। বলেন তক্ষুণি সেখান থেকে চলে যেতে। সন্ন্যাসীর রুদ্ররূপ দেখে দৌড়ে যাত্রীনিবাসে পালিয়ে আসেন তিনি। তাঁর চিৎকারে বেরিয়ে আসেন পূজারীজী, লাগপৎ ও আরও অনেকে। ওই যাত্রীর মুখেই শোনেন সব। সবাই মিলে আবার যান মন্দিরে, কিন্তু কোনো সন্ন্যাসীকে কেউ দেখতে পান না।

তুঙ্গনাথ মন্দির

হঠাৎই পূজারীজীর টনক নড়ে, ওই যাত্রীকে জিজ্ঞাসা করেন - ''আপনিতো ভালো করে চলতেও পারেন না। মন্দির থেকে দৌড়ে যাত্রীনিবাসে গেলেন কি করে?'' পূজারীজীর কথায় সবার সম্বিত ফেরে, ঠিকই তো! নিজেই নিজের অবস্থা দেখে বিহ্বল হয়ে যান ওই যাত্রী। জানান সন্ন্যাসীর পদাঘাতে তাঁর পঙ্গুত্ব সেরে গিয়েছে। তিনি কারোর সাহায্য ছাড়াই চলতে পারছেন, দৌড়াতে পারছেন। দুচোখ বেয়ে জলের ধারা নামে তাঁর। বারবার বলেন - এ তুঙ্গনাথেরই কৃপা। সন্ন্যাসীর বেশে উনিই এসে তাঁকে সুস্থ করে গিয়েছেন।

ফিরে আসি যাত্রীনিবাসে। আকাশে প্রায় পূর্ণ চন্দ্রমা। আলোয় ভেসে যাচ্ছে তুঙ্গনাথ মন্দির প্রাঙ্গণ। রাত প্রায় এগারোটা। পায়ে পায়ে এসে দাঁড়াই মন্দির প্রাঙ্গণে। না, তুঙ্গনাথকে বা সেই সন্ন্যাসীর দেখা পাওয়ার আশায় নয়, রাতের তুঙ্গনাথকে প্রত্যক্ষ করতেই আসা। সচকিত হয়ে দেখি মন্দিরের দালানের দুধারে দুই ব্যক্তি বসে আছেন। দুজনের হাতেই ঝকঝক করছে স্ফটিকের মালা। আমিও বসি দরজার মুখোমুখি। দুজনেই একটু যেন অসন্তুষ্ট হন। হঠাৎ দুজনেই বলে ওঠেন, ''কি চাই এখানে? যা চলে যা!'' বলতে বলতে দুজনেই আমার দিকে ছুঁড়ে দেন দুই স্ফটিকের মালা। আমি বলি, ''ওতে আমার লোভ নেই। নিজেদের মালা নিয়ে যাও তোমরা।'' আমার সঙ্গে আমার গুরুমা আছেন। ভয় কি! দুই সাধকের একজন অপরকে উদ্দেশ্য করে বলেন, ''আজ এই ছেলেটির জন্য তুই বেঁচে গেলি। আজ যদি এই ছেলেটি আমাদের মধ্যে এসে না পড়ত তবে তোকে দেখাতাম আমার শক্তি।'' আমি হেসে ফেলি। প্রকৃতির শক্তির কাছে নিজের শক্তির জাহির করার কথা শুনে না হেসে থাকতে পারিনি। আমার দিকে ক্রুদ্ধ দৃষ্টিতে কিছুক্ষণ তাকিয়ে নিজের মালা তুলে নিয়ে মন্দির চত্তর থেকে বেরিয়ে যান তিনি। অপরজন কিছু বলেন না। শুধুই নীরব দৃষ্টিতে চেয়ে থাকেন তুঙ্গনাথের দিকে। তারপর ধীরে ধীরে তিনিও চলে যান মন্দির ছেড়ে। হঠাৎ কারোর স্পর্শে চমকে উঠি, দেখি পূজারীজী। বলেন - ''আপনি ভাগ্যবান। আপনার গুরু-কৃপায় এযাত্রা রক্ষা পেয়েছেন, ঘরে চলুন''— কিন্তু কিসের বিপদ, কার থেকে রক্ষা কিছুই ভাঙেন না তিনি। ঠাণ্ডা বাড়ছে, ফিরে আসি যাত্রীনিবাসের ঘরে। পরদিন ভোরেই ঘুম ভাঙে। ভোরের আলোয় প্রকৃতির অঙ্গসজ্জা তুলনাহীন। লাগপৎকে সঙ্গে নিয়ে এগিয়ে যাই চন্দ্রশীলার দিকে। উচ্চতা ১৪০০০ ফুট। তুঙ্গনাথ থেকে দূরত্ব এক কিলোমিটার। গোটাপথ বরফে ঢাকা। নানা আকৃতির বরফ। কোথাও শক্ত, কোথাও কাঁচের মত ধারালো, আবার কোথাও নরম। বরফের শুভ্র গালিচা পেরিয়ে এসে দাঁড়াই এক ডিম্বাকৃতি খাবার টেবিলের আকৃতির সমতল প্রান্তরে। লাগপৎ নীচু হয়ে কয়েকটি ঘাস তুলে আনে। ওই ঘাসের মূলে সুমধুর গন্ধ। প্রতি বছর 'বায়োলজিক্যাল সার্ভে অফ ইণ্ডিয়া'-র ছাত্র-ছাত্রীরা আসে চন্দ্রশীলায় হিমালয়ের উদ্ভিদ নিয়ে গবেষণা করতে।

তুঙ্গনাথে মহাদেবের বাহু প্রসারিত। গর্ভগৃহে লিঙ্গমূর্তি। লিঙ্গমূর্তির পিছনে শঙ্করাচার্যের তৈলচিত্র। বাঁপাশে কালভৈরব, ডানদিকে ঋষি বেদব্যাস। সামনে পঞ্চকেদারের শিলামূর্তি। মন্দির পাথরের তৈরী, চূড়ায় তামার পাত্রে সোনার প্রলেপ। মন্দিরের সামনে পাথর বাঁধান উঠোন। একপাশে পাঁচ মূর্তি — ঈশ্বরীমাতা, বিষ্ণুভগবান, গৌরীশঙ্কর ও ভৈরবনাথ। অপর দিকে পূজারীর আবাসন ও তুঙ্গনাথের ভাণ্ডার ঘর।

...ক্রমশঃ

—মাতৃচরণাশ্রিত শ্রীসৌরভ বসু

যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে

প্রশ্ন ৫৩ : সঙ্গীতের মাধ্যমে কি সত্যদর্শন, ঈশ্বরদর্শন বা ব্রহ্মদর্শন লাভ হওয়া সম্ভব?

উত্তর : শুধুমাত্র স্বর সাধনার মাধ্যমে নাদ সাধনা করিলেও তাহার সঙ্গে আত্মজ্ঞান লব্ধ হইবার জন্য ব্রহ্মবিদ্যারূপী যোগবিদ্যা সাধনের প্রয়োজন আছে। শুধুমাত্র সঙ্গীতজ্ঞ হইলেই চলিবে না, আত্মজ্ঞও হইতে হইবে। তবেই ভক্তি ভাবের উন্মেষ হইবে এবং ঈশ্বর-দর্শন বা সত্যদর্শন সম্ভব। যতক্ষণ পর্য্যন্ত না অন্তরে নাদব্রহ্মের স্ফুরণ হয় ততক্ষণ সাধকের মন বহির্মুখীন অবস্থায় অবস্থান করিয়া থাকে। মন অন্তর্মুখীন হইলে পরে সঙ্গীতের প্রত্যেকটি স্বরে নাদের বিশুদ্ধ শব্দের প্রকাশ হয়, যাহার ফলে হৃদয় আন্দোলিত হয় এবং সুন্দর বিশুদ্ধ ঈশ্বরীয় ভাবের খেলা তখন সাধক-অন্তরে চলিতে থাকে। সেই শুদ্ধভাবেই যখন সাধকচিত্ত আত্মায় যোগযুক্ত অবস্থায় অবস্থান করিতে থাকে এবং এই অবস্থা যখন স্বভাবসিদ্ধ হইতে থাকে তখন সেই সাধকের সঙ্গীতও চিন্ময় বিশুদ্ধ স্বরান্বিত হইয়া কণ্ঠ দিয়া নির্গত হইতে থাকে। আত্মজ্ঞানী যোগীর কণ্ঠ দিয়া মধ্যমা-পশ্যন্তী বাকের স্ফুরণ হয় এবং সেই সঙ্গীত শ্রোতৃমণ্ডলীকে মন্ত্রমুগ্ধ ও তন্ময় করিয়া দেয়।

আত্মজ্ঞানী যখন শিবাবস্থা লাভ করিয়া ব্রহ্মজ্ঞানী হন, তখন পরাভক্তির প্রকাশে আপ্লুত অবস্থায় তিনি যখন পরমেশ্বরকে গীত শোনান তখন পার্শ্ববর্তী ভক্তগণ যাঁহারা সেখানে উপস্থিত থাকেন তাঁহারাও সেই সঙ্গীতের মূর্চ্ছনায় ও ছন্দের সুরতরঙ্গে সেই সময়ে ঈশ্বরের চিন্ময় প্রসাদ লাভ করেন। অনুভবী উচ্চাঙ্গ সঙ্গীতজ্ঞ যদি প্রকৃত ভক্ত হন এবং তিনি যদি ধ্যানযোগ-সাধক হন তবে উচ্চাঙ্গ সঙ্গীতের রাগরাগিনীর মাধ্যমে বহু অতীন্দ্রিয় অনুভূতি করিতে সক্ষম হন। উচ্চাঙ্গ পর্য্যায়ের সর্বপ্রকার কলাবিদ্যার মধ্যেই ঈশ্বরের সত্যের চিন্ময়ত্বের মহিমার বিরাট প্রকাশ নিহিত থাকে। তখন সাধকযোগীর সেইসব উপলব্ধি হয় আর যাঁহারা দিব্যের সাধনা করেন, তাঁহাদের কণ্ঠে সঙ্গীতও দিব্য হইয়া ওঠে। দিব্য সাধকের সঙ্গীত শোনার সময় অন্য ভক্ত সাধক-সত্তার কূটস্থে গগন মণ্ডলে চিন্ময় জ্যোতি দর্শন হয়।

—শ্রীশ্রীমা সর্বাণী

সন্তোষ ও সমর্পণ

শ্রীমদ্ভগবদ্‌গীতা, দ্বাদশ অধ্যায়, ভক্তি যোগ, চতুর্দশ শ্লোক —

"সন্তুষ্টঃ সততং যোগী যৎ-আত্মা দৃঢ়নিশ্চয়ঃ।
ময্যর্পিতমনোবুদ্ধির্যো মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ।।"

যিনি প্রাপ্তি বা অপ্রাপ্তিতে এবং সম্পদ বা বিপদে সর্বদা সন্তুষ্ট থেকে ভগবানে নিবিষ্ট চিত্ত, যিনি ভগবানে দৃঢ় বিশ্বাস রাখেন এবং যিনি সঙ্কল্প-বিকল্প ছাড়িয়া মন ও বুদ্ধিকে ভগবানে সমর্পণ করিয়াছেন, এইরূপ ভক্তই ভগবানের প্রিয়।

মানুষ কি প্রাপ্তি-অপ্রাপ্তিতে, সম্পদ-বিপদে স্থির চিত্ত সন্তুষ্ট হয়ে থাকতে পারে? মানুষ কি সঙ্কল্প-বিকল্প ছেড়ে মন ও বুদ্ধিকে ভগবানের চরণে সমর্পণ করতে পারে? দুটি প্রশ্নের উত্তরে মানুষ বলবে - "গীতা পাঠ করতে বা শুনতে ভাল লাগে। পাঠ করলে বা শুনলে নিজেকে বেশ ভক্ত বলে মনে হয়। কিন্তু সত্যি বলতে কি জীবনে এসবের প্রতিফলন একদমই করা যায় না এবং প্রতিফলিত করতে না পারার কারণ কি তাও সঠিকভাবে বলা যায় না।"

ঐ যে বলা হয়েছে না, "যৎ-আত্মা দৃঢ় নিশ্চয়", এখানেই যত গোল অর্থাৎ, আত্মাতে বা ভগবানে দৃঢ় বিশ্বাস নেই। তাই বেদান্ত সর্বপ্রথম আত্মতত্ত্বে প্রতিষ্ঠিত হতে বলেছেন। স্বামী বিবেকানন্দ বলতেন, "আগে নিজেকে বিশ্বাস কর।" বেশীরভাগ মানুষই নিজেকে বিশ্বাস করতে পারে না। নিজের উপর ভরসা নেই। ভাবে এক, করে এক। দৃঢ়চেতা হয়ে উঠতে পারেনা। সবকিছু পাওয়ার জন্য দিন-রাত এক করে ফেলে কিন্তু নিজেকে জানার জন্য যে জেদ তা একবিন্দুও নেই। সব সময়ই ভাবে যখন হাতে সময় থাকবে তখন এ ব্যাপারে ভেবে দেখা যেতে পারে।

কখন প্রাপ্তি-অপ্রাপ্তিতে সমভাব হওয়া যায়? "তস্মাৎ সক্তঃ সততং কর্ম সমাচারে।" যখন প্রবলভাবে কর্তব্য কর্ম করা সত্ত্বেও মনে কর্মফলের আশা জাগবে না। কর্মের অধিকার মানুষ মাত্রই আছে এবং তা মানুষের হাতেই, কিন্তু কর্মফল যা ভবিষ্যতে ফলবে তা মানুষের হাতে নেই। এই বিষয়টা আমরা কিছুতেই মেনে নিতে পারি না। ফলে প্রাপ্তিতে আনন্দ এবং অপ্রাপ্তিতে নিরানন্দ ভোগ করে থাকি। কিন্তু

গীতায় ভগবান বলেছেন -''ভক্ত, যিনি ভগবানের সঙ্গে যুক্ত (এখানে যুক্ত অর্থে যোগ বোঝানো হয়েছে, অতএব প্রকৃত ভক্ত অর্থে যোগী) তিনি প্রাপ্তি বা অপ্রাপ্তিতে সতত সন্তুষ্ট থাকবেন।''

মানুষ প্রায় প্রতিদিনই কিছু না কিছু সঙ্কল্প-বিকল্প করে। এই মুহূর্তে ভাবলো এটা করবো, ওটা করবো, পরমুহূর্তে ভাবনা পাল্টে গেল। এটা না করলেও চলে, ওটা না করলেও চলে। আবার কখনও কখনও এমন সঙ্কল্প করল যে- ''ঐ বস্তুটি আমার চাই, আমাকে ওটা পেতেই হবে।'' প্রাপ্তির আশায় দিন দিন মনে চাপ বাড়তে থাকল। কতই না সমস্যা ঠেলে প্রচুর বুদ্ধি ব্যয় করে বেশ কিছু দিনের কঠোর পরিশ্রম ও চেষ্টায় যখন বস্তুটি পেল তখন অল্প কিছুক্ষণ ভোগ করে মনের চাপ কমিয়ে ফেললো; পুনরায় শুরু হল নতুন কিছু পাওয়ার কামনা। যথারীতি ইতিহাসের পুনরাবৃত্তি কিন্তু ভগবান বলছেন - ''তিনিই আমার প্রিয় ভক্ত যিনি এইরূপ সঙ্কল্প-বিকল্প ছেড়ে মন ও বুদ্ধি আমাতে সমর্পণ করেন।''

একদা এক সাধু একটি ছোট্ট পাহাড়ের (টিলার) উপর থাকতেন। তাঁকে সবাই পাগলা বাবা বলতো। তিনি নিত্য সূর্য্য ওঠার পর ভোর পাঁচটার সময় ঐ টিলার উপর থেকে নীচে নেমে একটা বড় পাথরকে ঠেলে ঠেলে ভোর থেকে বিকাল পর্য্যন্ত প্রায় দশ-বারো ঘন্টার চেষ্টায় ও বহু পরিশ্রমে পাথরটিকে টিলার উপর তুলতেন। তারপর কিছুক্ষণ অপেক্ষা করার পর ঠিক সূর্য্য অস্ত যাবার মুহূর্তে টিলার উপর থেকে পাথরটিকে নীচের দিকে ঠেলে দিতেন আর পাথরটি গড়াতে গড়াতে দু-এক মিনিটের মধ্যে সমতলে গিয়ে পড়তো। সাধুটি তখন টিলার উপর দাঁড়িয়ে হাততালি দিয়ে হাসতে হাসতে নেচে উঠতেন। পরদিবস সাধুটি আবার একটা পাথর সংগ্রহ করে ঐ একই ঘটনার পুনরাবৃত্তি ঘটাতেন। তাই সেখানকার লোকেরা সাধুটিকে পাগলা বাবা বলতো।

এই কাহিনীর তাৎপর্য্য কি? আসলে সাধু বাবা মানুষকে বোঝাতে চেষ্টা করতেন যে তোমরা প্রয়োজনের মাত্রাতিরিক্ত কামনা, বাসনাজাত প্রাপ্তি ও ভোগের নিমিত্তে নিত্য বহু কষ্ট ও পরিশ্রম করছো। খেয়াল করে দেখ প্রাপ্তির পর আনন্দ ও সুখভোগটা করছো খুব অল্প সময়ের জন্য। তারপর আবার একটা নতুন কামনার আশায় পূর্ণ উদ্যমে লেগে পড়ছো। সারাটা জীবন মন এইভাবে তোমাদের সঙ্গে ছলনা করে চলেছে, তাই তোমরা ইহলোকে ও পরলোকে চিরস্থায়ী সুখ ও আনন্দে প্রতিষ্ঠিত হবার মতো মনকে তৈরী করে ভগবানের চরণে অর্পণ করতে পারছো না।

গভীরভাবে ভাবলে বোঝা যায় সমস্যাটা বস্তু বা ব্যক্তিকে নিয়ে নয়। সমস্যাটা অজ্ঞানতার ফলে মনের অহেতুক চাহিদা। ধরা যাক, বস্তুটা যদি সুরা হয় এবং সুরা যদি আনন্দদায়ক হয় তাহলে সমস্ত ব্যক্তির কাছেই তা আনন্দদায়ক হোত। কিন্তু বাস্তবে দেখা যায় সুরা কাহারও কাছে আনন্দদায়ক, আবার কাহারও কাছে বেদনাদায়ক। তাহলে আনন্দ বা বেদনার জন্য বস্তুটি দায়ী নয়। দায়ী মানুষের মন। আবার একই পিতা-মাতার দুটি সন্তান সমান গুরুত্ব ও সুখ-সুবিধা পেয়ে পিতা-মাতার আকাঙ্ক্ষা অনুযায়ী বড় হতে লাগল। ভবিষ্যতে দেখা গেল দুজন দুরকম হল। পিতা মাতার ইচ্ছা কি পূর্ণ হল? দুই সন্তানের কাছ থেকে প্রাপ্তির আশা মনমতো না হওয়ায় আশাহত হয়ে দুঃখ প্রাপ্তি ঘটল।

এই মর্ত্যলোকে যতক্ষণ জীবন আছে ততক্ষণ জীবনধারণের জন্য কিছু না কিছু ভোগ তো করতেই হবে। কিন্তু কতটা ভোগের প্রয়োজন অর্থাৎ ভোগের মাত্রাটা সম্পূর্ণ নির্ভর করছে মনের উপর। সত্যি কথা বলতে কি এই দুনিয়া থেকে কোন মানুষই কখনও সুখ পায় না। কেহ ক্ষুধা নিবৃত্তির জন্য খাদ্য খুঁজছে, আবার কেহ ক্ষুধা পাবার উপায় খুঁজছে। কোনও মানুষই সুখী নয়। দুনিয়াকে আঁকড়ে ধরতে গেলে দুনিয়া দূরে সরে যায়, আবার দুনিয়াকে ছেড়ে দিতে চাইলে দুনিয়া পেছনে দৌড়ায়। এই হচ্ছে মন বা মায়ার ভেল্কি, কুহক। বিবেক ও বুদ্ধি সহায় যদি রজঃগুণী মনকে অতিরিক্ত চাহিদা ও ভোগ বিলাস থেকে একবার সরিয়ে আনতে পারা যায় তাহলেই মন ক্রমশঃ সত্ত্বগুণী হয়ে ওঠে। কিন্তু সরিয়ে আনার উপায় কি? উপায় একমাত্র সমাজ-সংসারের কর্তব্য কর্মের প্রতিদান আশা না করে সেবা মনোভাবে কর্তব্য কর্ম করে যাওয়া এবং সঙ্গে সঙ্গে সাধু সঙ্গ, নিয়মিত সৎসঙ্গ ও সাধনা দ্বারা ভগবানের সঙ্গে যুক্ত থাকতে চেষ্টা করা অর্থাৎ মনকে একটু ঊর্ধ্বমুখী করে রাখা, তবেই এই দুনিয়ায় কিছুটা সুখ-শান্তির মুখ দেখা যেতে পারে। কিন্তু সর্বক্ষেত্রেই দেখা যায়, বিষেশতঃ সংসারের কর্তব্য পালন করতে গিয়ে মানুষ সংসারকে আঁকড়ে ধরে তাতেই ডুব দেয় এবং জীবনটা দমবন্ধকর অবস্থায় কাটায়। প্রকৃতপক্ষে কুরুক্ষেত্রের ধর্মযুদ্ধটা এখানেই। জীবন নামক যুদ্ধক্ষেত্রের দুটি পথ - শ্রেয় ও প্রেয়ঃ। ভগবান অর্জুনকে শ্রেয়র পথ ধরতে বললেন।

''যজ্ঞার্থাৎ কর্ম্মণো-অন্যত্র লোকো-অহং কর্ম্মবন্ধনঃ।'' মনুষ্যগণ ভগবৎ আরাধনার কর্মকে সরিয়ে রেখে শুধুমাত্র সমাজ-সংসারের স্বার্থজনিত কর্ম অনুষ্ঠানে ডুবে থাকে, ফলে মারাত্মকভাবে কর্ম বন্ধন দশাগ্রস্ত হয়।

ভগবানের প্রকৃত ভক্ত হতে হলে নিত্য মনকে জ্ঞান-বিবেকের চাবুক দ্বারা বোঝাতে হবে। অগ্নির দ্বারা দুগ্ধ মারলে যেমন ক্ষীর হয়, তেমন জ্ঞান-বিবেকের মারে মন ক্ষীরে পরিণত হয়। তখন অন্তরমুখী ঘনীভূত মন ভগবানের চরণে সমর্পণ করা সম্ভব হয়। এইরূপ ঘনীভূত সত্ত্বগুণী মনে আত্মজ্ঞানের বিকাশ হয়। নিজের উপর অর্থাৎ আত্মা বা ভগবানের উপর বিশ্বাস দৃঢ় হয়। ফলে বিশ্বাসী মন সহজেই একাগ্র হয়ে আত্মদর্শন করে। এইরূপে ভক্ত ভগবানের প্রিয় হয়ে ওঠে।

—মাতৃচরণাশ্রিত শ্রীতাপস বন্দোপাধ্যায়

গীতা ভাবনা

(৩৯)

গীতা ও ভারতীয় স্বাধীনতা সংগ্রাম পর্ব :—

(*...পূর্ব প্রকাশিতের পর*)

শ্রীঅরবিন্দ সহিংস নীতির পক্ষে গীতাকে স্থাপন করে বক্তৃতার মাধ্যমে তরুণদের উৎসাহিত করতেন। লোক-সংগ্রহের জন্য তথা ধর্মসংস্থাপনের জন্য স্থিতপ্রজ্ঞ হয়ে অন্যায়ের বিরুদ্ধে যদি সংগ্রাম করা হয় তাহলে সেই কর্মবীরকে পাপ-পুণ্য স্পর্শ করতে পারে না। গীতার ভাষায়—

'ব্রহ্মণ্যাধায় কর্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ।
লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা।।'(৫/১০)

যার মধ্যে কর্তৃত্বের অভিমান নেই, যার বুদ্ধি কর্মফলে আসক্ত নয় সে কোন ব্যক্তিকে হত্যা করলেও তাকে হত্যা বলা যাবে না। তাই হত্যা কর্মের ফলে তাকে আবদ্ধ হতে হয় না। এই উৎসাহ বাণী যে গীতাতেই আছে তা অরবিন্দ দেখিয়েছেন—

'তস্মাৎ অসক্ত সততং কার্যং কর্ম সমাচর।
অসক্তো হ্যাচরন্ কর্ম পরমাপ্নোতি পুরুষঃ।।'(৩/১৯)

গীতার মন্ত্রে এরূপ ব্যাখ্যায় বিপ্লবী তরুণেরা এতটাই উদ্বুদ্ধ হয়ে উঠতেন যে দেশের জন্য ডাকাতি, লুঠ, হত্যা প্রভৃতি কাজে তাঁরা পিছপা হতেন না। গীতার 'সর্বধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ' বাণী বিপ্লবীদের মুখে মুখে ফিরত। নিষ্কাম কর্মযোগের কথা তাঁরা পরস্পর পরস্পরকে বোঝাতেন। নলিনী কিশোর গুহ 'বাংলার বিপ্লববাদ' গ্রন্থের ২৫৭ পৃষ্ঠায় এই বিষয়ে যা লিখেছিলেন তা বিশেষ ভাবে উল্লেখযোগ্য —

''পাপ-পুণ্য সুতরাং স্বর্গ-নরকের কথা উঠিবামাত্র 'ক' 'খ'-কে ভক্তমালের উপাখ্যান শুনাইতে লাগিলেন। জান তো, শ্রীকৃষ্ণের সেবার জন্য তেমন যে ভক্ত, সে আনন্দে চুরি করিয়া ঠাকুরের সেবার উপকরণ সংগ্রহ করিয়াছিল। ভগবানের জন্য যদি ধর্মই ত্যাগ করিতে না পার, তবে ত্যাগ করিলেই বা কি? দেশসেবা যে ভগবৎ সেবা — এবার 'খ'-এর চিত্ত নরম হইতে লাগিল, 'ক' বিশিষ্ট কর্মী তাহার জ্বলন্ত বিশ্বাসের কাছে 'খ' নিজেকে যেন স্থির রাখিতে পারিতেছে না। তারপর 'ক' আরও বলিতে লাগিলেন - জান এক ভক্ত যখনই শ্রীকৃষ্ণকে ভোগ নিবেদন করিতেন, তখনই পূর্বে তাহা খাইয়া দিতেন। একজন বিবেচক ব্যক্তি বলিতে লাগিলেন, 'ওকি করিতেছ! ঠাকুরের ভোগ, যাহার উপর শ্বাস ফেলিতে নাই, দৃষ্টিও দিতে নাই, সেই পবিত্র বস্তু তুমি আগে খাইয়া উচ্ছিষ্ট করিতেছ? তোমার যে নরকেও স্থান হইবে না। ভক্তটি উত্তর করিল, আহা! তবু আমার ঠাকুর তো ভাল জিনিস খাইলেন, আমি নরক স্বর্গ চাহি না, আমি চাহি আমার ঠাকুরের সেবা। আমি না খাইলে, কেমন করিয়া জানিব? যদি ঠাকুরের মুখে খারাপ ভোগ যায়? আমাকে নরকে কি করিবে! ঠাকুরের ভোগ হইলেই হইল। ইহার পর আর কথা চলে না। 'খ'- এরও চলিল না—এ পথে তো ছিলই তাই মুক্তিই সার হইল—এই বিশ্বাসেই সে এ পন্থায় পা দিল। সত্যই ভাবিল তাই তো আমার অহংকারই তো আমায় বাধা দিতেছে। বিশিষ্ট কর্মীরা এই ভাবের যুক্তি দিতেন, অনেকের চরিত্রও তেমন নিষ্কাম ছিল।''

শ্রীমদ্ভগবদ্গীতার 'প্রভাব' নামক প্রবন্ধ গ্রন্থে ডঃ উজ্জ্বলা কুণ্ডু বিপ্লবীদের জীবনে গীতার প্রভাব বিষয়ে আরো অনেক তথ্য পরিবেশন করেছেন। বঙ্গভঙ্গ আন্দোলনের পরবর্তীকালে বাংলার বিপ্লবীরা দেশের জন্য আত্মদানে ব্রতী হয়েছিলেন। প্রথম বাঙালী শহিদ হলেন ক্ষুদিরাম বসু। মজঃফরপুর জেলে ক্ষুদিরামের ফাঁসি হল। ফাঁসির মঞ্চেও তাঁর প্রফুল্লতার কথা তখনকার পত্র পত্রিকায় বিস্তৃতভাবে বের হয়েছিল। সেই দৃঢ়তার ও আনন্দময়তার উৎস সন্ধান করতে গিয়ে গবেষিকা বলেছেন 'মৃত্যুকে তুচ্ছ করিয়া অমর জীবনে অটুট আস্থা

রাখিয়া হাসিতে হাসিতে মৃত্যুবরণ করিবার উৎস কোথায়?'

'নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ।
ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ।।
অচ্ছেদ্যোহয়মদাহ্যোহয়মক্লেদ্যোহশোষ্য এব চ।
নিত্যঃ সর্বগতঃ স্থানুরচলোহয়ং সনাতনঃ।।
অব্যক্তোহয়মচিন্ত্যোহয়মবিকার্য্যোহয়মুচ্যতে।'

—গীতা ২/২৩-২৫

গীতার এই বাক্য তাঁরা নিঃসংশয়ে বিশ্বাস করতেন বলেই সম্ভব হয়েছিল। গ্রাম্য চারণ কবি ক্ষুদিরাম যে গানটি রচনা করেছিলেন তার মধ্যেও আত্মার অবিনশ্বরতার, আনন্দে মৃত্যুবরণ এবং 'জাতস্য হি ধ্রুবো মৃত্যু ধ্রুবং জন্ম মৃতস্য চ' এই চিরন্তন নিঃশোক বাণী উদ্‌ঘোষিত।

'একবার বিদায় দে মা ঘুরে আসি
হাসি হাসি পরব ফাঁসি
দেখবে ভারতবাসী।'

সত্যেন্দ্রনাথ বসু ও কানাইলাল বাংলার বিপ্লবী কুলজীতে দুইটি অমর নাম। তাঁদের ফাঁসীতে মৃত্যুবরণের যে বিবরণ পাওয়া গিয়েছে তা মৃত্যুঞ্জয় সাধকের অমর দৃষ্টান্ত। কানাইলাল ছিলেন গীতার স্থিতধী। তাঁর মধ্যে ছিল বিস্ময়কর আত্ম-সমাহিত শক্তি। ফাঁসীর আদেশ হয়েছে। ফাঁসীর সেল-এ বন্দী কানাইলালকে দেখে আচার্য শিবনাথ শাস্ত্রী বলেছিলেন, 'একটি পিঞ্জরাবদ্ধ সিংহ দেখিলাম। বীতরাগ ক্রোধা শুভাশুভের প্রতি সমচিত্তবৃত্তি সম্পন্ন এই নরসিংহের চিত্তের অধিষ্ঠান কোথায় তাহা সহজেই অনুমেয়।' *...ক্রমশঃ*

—অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

আশ্রম সংবাদ

১৬ই জুলাই — গুরুপূর্ণিমার দ্বিপ্রহরে শ্রীশ্রীগুরুমহারাজদের ভোগ নিবেদন ও প্রসাদ বিতরণ

অনুষ্ঠানের পর সন্ধ্যায় শ্রীশ্রীমা সমাগত ভক্তমণ্ডলীকে দর্শন দেন ও কিছু আধ্যাত্মিক কথা বলেন। এরপর হিরণ্যগর্ভের পূর্ববর্তী সংখ্যাটি, বাংলা বই 'ভক্তসঙ্গে সৎপ্রসঙ্গে' ও 'কবীরজী কে ভজন' নামক সিডি প্রকাশিত হয়। অন্তিমে একটি সুন্দর সঙ্গীতানুষ্ঠান পরিবেশন করেন আশ্রমের গুরুভ্রাতা ও ভগিনীগণ।

২৪শে আগষ্ট — শ্রীকৃষ্ণজন্মাষ্টমী তিথিতে শ্রীশ্রীরাধামাধবের দ্বিপ্রাহরিক ভোগ নিবেদিত হয়। এই পুণ্য তিথিতেই পূজণীয় শ্রীশ্রীবাবার জন্মতিথি। এইদিন সন্ধ্যায় শিশু শিল্পীদের মধ্যে নৃত্য প্রদর্শন করে আদ্যা সেঠিয়া, কাব্যা সেঠিয়া ও সমাদৃতা বসু এবং কবিতা আবৃত্তি করে তীর্থ সাহা। তৎপরে শ্রীশ্রীমা কৃষ্ণকথাসহ কৃষ্ণের বাললীলার ভজন পরিবেশন করেন।

১লা সেপ্টেম্বর — এইদিন আশ্রমে শ্রীশ্রীরামদেব বাবার পূজা হয়।

২রা সেপ্টেম্বর — গণেশ চতুর্থীর পবিত্র তিথিতে শ্রীশ্রীঅন্নপূর্ণাক্ষেত্রে অনুষ্ঠিত হয় শ্রীশ্রীগণেশ পূজা।

৯ই সেপ্টেম্বর — এই দিন চুচূড়া থেকে দণ্ডীস্বামী শ্রীনিত্যবোধআশ্রম অখণ্ড মহাপীঠ আশ্রমে শ্রীশ্রীমায়ের সাক্ষাতে আসেন। শ্রীশ্রীমা ও তাঁর উপস্থিতিতে আশ্রমে উপস্থিত ভক্তগণ সৎসঙ্গে কিছু সময় ব্যতীত করেন।

১৫ই সেপ্টেম্বর — ১৮ই আগষ্ট-এ নির্ধারিত প্রবচনের দিনে প্রাকৃতিক দুর্যোগের ফলে প্রবচনের দিন পরিবর্তিত করে এই দিন নির্ধারিত হয়েছিল। এইদিন সকালে সৎসঙ্গে শ্রীশ্রীমা স্বয়ং ক্রিয়াযোগের উপর প্রবচন দেন। শ্রীশ্রীমায়ের আধ্যাত্মিক প্রবচনের দ্বারা উপস্থিত সকলে ক্রিয়াযোগের নিগূঢ় তত্ত্ব সম্পর্কে জ্ঞানার্জন করেন।

২২শে সেপ্টেম্বর — এইদিন আধ্যাত্মিক সভার ৩২তম পর্বে 'কঠোপনিষদ্'-এর ব্যাখ্যান পরিবেশন করেন গুরুভ্রাতা ডাঃ বরুণ দত্ত।

अर्धनारीश्वर
परमब्रह्म स्वरूप का एक अद्‌भुत प्रकाश
श्रीश्रीमाँ सर्वाणी

'अर्धनारीश्वर' शिव और दुर्गा की एकीकृत मूर्ति है। इस मूर्ति में भगवान शिव अर्धभाग में नारी और दूसरे भाग में नर है। शिव और दुर्गा का सम्मिलित मिश्रण इस मूर्ति में दिखाई देता है त्रिनेत्र, चतुर्भुज, हस्त में पाश, रक्तकमल, नर-कपाल और शूल। लिंग-पुराण में वर्णित है कि कल्पान्तर में सृष्टि की तपस्या में निमग्न होकर प्रजापति ब्रह्मा आरंभ में कुछ भी सृष्टि नहीं कर पा रहे थे। तब स्वयं के ऊपर ही ब्रह्मा को क्रोध आया एवं उस क्रोधावेश से उनके चक्षुओं से जल निर्गत होने लगा। उन चक्षुओं के जल से हठात् जन्म हुआ विभिन्न भूत-प्रेतों का। प्रथम सृष्टि के मध्य भूत-प्रेतों के समाहार दर्शन से ब्रह्मा के मन में अत्यंत कष्ट हुआ। इस पर उन्होंने प्राणत्याग करने का संकल्प लिया। परन्तु प्राणत्याग के क्षण ही ब्रह्मा प्रजापति के मुख से प्राणमय रुद्र का आविर्भाव हुआ। उस रुद्रशिव की आविर्भूत मूर्ति ही थी 'अर्धनारीश्वर' रूप की। उस मूर्ति का विभाग करके ही उसके एकांश से उमा महेश्वरी की सृष्टि की थी रुद्रशिव ने।

सृष्टितत्त्व के आदिस्वरूप में उपनीत होने पर देखा जाता है 'ब्रह्म' या 'पुरुष' सत्ता ही ब्रह्मा या ब्रह्म अर्थात् चैतन्ययुक्त विराट् आत्मा और 'शक्ति' आद्यारूपा 'महाप्रकृति' या ब्रह्म का स्वभाव, त्रयीगुणात्मक सर्वव्यापी महातरंग युक्त परासम्वित्मयी महाशक्तिमयी अखण्डमंडलाकार महाप्रकाशरूप इच्छा। परमा प्रकृति स्वरूपा आद्या महाशक्ति परम पुरुष को सगुण और निर्गुण में प्रकटित कर ब्रह्माण्ड में सृष्टि कार्य की परिचालना करती है। वे स्वयंक्रिय निर्गुण ब्रह्म का स्वरूप 'महाकाल' एवं शक्तिरूपा निर्गुणा महाशक्ति 'महाकाली' ही त्रिकाल को प्रकटित कर रहते है। सृष्टि कार्य के सम्पादन के निमित्त ब्रह्मकर्तृक विराट् मन से अति सूक्ष्मा निर्गुणा ईश्वर से अभिन्न नित्या, आद्या परमाशक्ति प्रकटित हुई। इन परमाशक्ति के साथ ब्रह्मा ने हृदय में भगवान महादेव का ध्यान कर तपस्या की एवं योगयुक्त ब्रह्मा के तीव्र तपस्या से पितृसत्ता शीघ्र ही संतुष्ट हुई। इसके पश्चात् महादेव अर्धनारीश्वर सगुणरूप में ब्रह्मा के निकट प्रकटित हुए। यह 'अर्धनारीश्वर' स्वरूप ही 'शिव और शक्ति' सत्ता के साधन-मार्ग का मोक्ष या चरम अवस्था की परिणति है। 'शिव और शक्ति' सत्ता की अद्वैत स्थिति हुई 'स्वभावसिद्ध योग' तपप्रथा। प्रकृतपक्ष में शक्ति और शक्तिमान तत्त्व के मध्य अभिन्नता और समता एवं एक की दूसरे के ऊपर सम्पूरकता प्रकट करने के लिए ही श्रीभगवान ने चेतन बोधि की भूमि पर अपने अर्धनारीश्वर रूप को व्यक्त किया था।

पुराण में एक कथा है – एक समय देवी पार्वती ने शिव के हृदय में अपने देह की छाया देखकर सोचा कि अन्य कोई रमणी उनके स्वामी के हृदय में विराज कर रही है। यह देखकर तो गौरी अत्यंत कुपित हो उठी तब शिव ने उन्हें प्रकृत सत्य को विभिन्न प्रकार से समझाया। अन्त में देवी की भ्रान्ति दूर हुई एवं देवी का हृदय लज्जा बोध से पीड़ित हुआ। स्वाभिमानवश देवी ने शिव से कहा, ''मेरी छाया जैसे निरन्तर तुम्हारे शरीर में अवस्थान करती है, मैं चाहती हूँ कि मेरा वास्तविक सत्तायुक्त शरीर भी तुम्हारे शरीर के मध्य अवस्थान करे। मेरे प्रकृत शरीर के सर्वांश का आप प्रगाढ़ आलिंगन द्वारा स्पर्श करें; जिस विधि से यह संभव हो वह आप करे।'' तब शिव ने कहा, ''तथास्तु। देवी तुम मेरे अर्ध-शरीर को ग्रहण करो अथवा अपना अर्ध-शरीर मुझे दो। मेरे अर्ध-देह में हो नारी और अर्ध में हो पुरुष। तुम यदि अपने शरीर को दो अर्धभागों विभाजित कर सको तो, मैं

अपने शरीर के मध्य तुम्हारी सत्तादेह का अर्धांश हरण कर लूँगा।'' देवी पार्वती ने कहा, ''मैं दो शरीरों को एक करना चाहती हूँ। आप यदि मेरे शरीर का अर्धांश हरण करते हैं, तो मैं भी आपके शरीर का अर्धांश हरण करना चाहती हूँ।'' शिव ने तब शिवानी की बातें स्वीकार की। दोनों की अभिन्नसत्ता के शब्द और अर्थ के अनुसार परमेश्वर शिव शिवानी के नारी शरीर का अर्धांश हरण कर 'अर्धनारीश्वर' हुए।

मत्स्य-पुराण में अर्धनारीश्वर प्रतिमा की वर्णना है। प्रतिमा के अर्धांश में ईश-शिव की मूर्ति में बालचन्द्र की कला संयुक्त जटाभार और अन्य अर्ध में उमा की मूर्ति में माँग का चिह्न एवं तिलक है। इस मूर्ति के दक्षिण कर्ण में नागराज वासुकि और उमा के अर्धांश वामकर्ण में कुण्डल है। दक्षिणार्ध में शिव के हस्त में है कपाल अथवा त्रिशूल, वामार्ध में पार्वती के हस्त में है पद्मफूल। केयूर एवं वलय द्वारा विभूषित वामार्ध की वामबाहु एवं नाग यज्ञोपवीत यथास्थान में सन्निवेशित है। वामार्ध में पीन स्तनभार, इसके ही अध:भाग में सुगठित नितम्ब है। दक्षिण में शिवार्ध में व्याघ्रचर्मावृत लिंग ऊर्द्ध अवस्था में अवस्थित है। वामार्ध में रत्नसमन्वित लम्बमान कटिसूत्र, दक्षिणभाग भुजंगवेष्टित है। महादेव का दक्षिण पद पद्म के ऊपर आसीन है और बायीं ओर कुछ ऊपर में देवी पार्वती की नुपूर एवं रत्नभूषित पद अवस्थित है। समस्त अंगुलियों में मुद्रिकाएँ हैं और देवी का चरण आलता से रंजित रहता है।

–यह हुई अर्धनारीश्वर की मूर्ति।
''नील प्रवाल रुचिरं विलसत्त्रिनेत्रं
पाशरुनोत्पल-कपाल-त्रिशूल-हस्तम्।
अर्धाम्बिकेशमनिशं प्रविभक्त भूषं
बालेन्दुबद्ध मुकुटं प्रणमामि रूपम्।।''
–इति शारदातिलक तंत्र

मूर्ति उपासना हिन्दुधर्मशास्त्र में सगुण विग्रह की उपासना है। 'सगुण' शब्द के मध्य शाश्वत सनातन भाव है। शास्त्रसम्मत पूजित सभी मूर्तियों के मध्य ही अन्तर्निहित योगतत्त्व समावेशित रहता है। इसीलिए मूर्ति के मध्य रहता है सृष्टितत्त्व के बोधचेतना के स्तर का प्रकटरूप। इन सत्य प्रतीक स्वरूप विग्रहादि का साधन रहस्य है गुप्त विषय। शरीर मध्यस्थ शिराएँ जैसे बाहर से देखी नहीं जा सकती, जैसे देहाभ्यन्तरस्थ शिराओं के मध्य वैद्युतिक वायुरूपी प्राण का प्रवाह भी बाहर से समझा नहीं जाता, वैसे ही तन्त्रशास्त्रों के तत्त्वादि अति निगूढ़ और उपलब्धि सापेक्ष होते हैं। तन्त्र योग में समग्र सृष्टितत्त्वों के जो ज्ञाता होते हैं वे हैं स्वयं शिव। वे शिव ही हैं समस्त तंत्रशास्त्र के प्रणेता। तन्त्र में आगम-निगम योगशास्त्र हर और पार्वती को लेकर ही गठित है। मूर्ति है बोधचेतना का एक-एक प्रतीक स्वरूप। उसी प्रतीकरूपी प्रतिबिम्ब को अवलम्बन कर साधकयोगी योगयुक्त अवस्था में बिम्ब में पहुँचते हैं। उपर्युक्त भगवान शिव और पार्वती के लीलायन के माध्यम से जो अर्धनारीश्वर मूर्ति का आविर्भाव हुआ, वह योगमार्ग की एक विशेष अवस्था को प्रकाशित करती है। शिवसत्ता और शक्तिसत्ता का योगयुक्त साधन इस अर्धनारीश्वर स्तर से ही आरम्भ होता है। सहस्रार के ऊपरिभाग में व्योममण्डल में मणिपुर पद्म के सदृश एक दशदल कमल का आविर्भाव होता है। यह कमल कोटि सूर्य और चन्द्र की ज्योति द्वारा आप्लुत रहता है। उस कमल की कर्णिका में नारंगी के फाँक के सदृश ओतप्रोत भाव से दो आमने-सामने युक्तावस्था में आसीन अवयव देखे जा सकते हैं। वही हुआ 'अर्धनारीश्वर' बोधचेतना का प्रकाशमय दर्शन। यह योगमार्ग की अष्टम भूमि कहकर चिह्नित होती है। इसी भूमि से शिवसत्ता और शक्तिसत्ता की समरस्यता या साम्यता प्राप्त होती है। योग के पथ में द्वैत सत्ता यहीं अद्वैत स्थिति को प्राप्त होती है। ठीक जैसे एक साबुत चनक के भीतर दो भाग। इस अवस्था में परिपक्व होते-होते अवशेष में संयुक्त अवस्था के स्तर पर उपनीत होकर शिव और शक्तिसत्ताद्वय शाश्वत परम पुरुष और परमा प्रकृति रूपी शुद्ध सत्त्वोर्जित सत्ता में अद्वैत स्थिति में नित्य अवस्था में आसीन होते हैं।

हिन्दी अनुवाद – मातृचरणाश्रिता श्रीमती ज्योति पारेख

बिज्ञप्ति

पुस्तकालय के वार्षिक संरक्षण हेतु सदस्यता शुल्क (१००/- रुपये) ३१ जनवरी २०२० तक भुक्तान कर दिया जाये।

पुण्यसलिला कावेरी

श्रीश्रीमाँ सर्वाणी

एकबार प्रलयकाल में बालकरूपी श्रीहरि ने मार्कण्डेय ऋषि को अपने देहाभ्यंतर में आश्रय दिया था। प्रलयकाल में धरित्री के जल निमग्न होने के पश्चात् इसी प्रकार श्रीहरि ने मार्कण्डेय ऋषि की प्राणरक्षा की थी। श्रीहरि की देह में आश्रय प्राप्त कर मार्कण्डेय ने देह में भ्रमण करते-करते उनके उदर के भीतर अनेक नदियों को देखा। उन सब के मध्य 'कावेरी' एक नदी थी।

